
# আরবান অ্যাকশন কিট

আরবান অ্যাকশন কিটটি হল শহরের স্থিতিস্থাপকতা বৃদ্ধির জন্যে এক সেট সহজ, কম-খরচ সাপেক্ষ, নিজের করে নেওয়ার পক্ষে উপযুক্ত কার্যকলাপসমূহ। কাজগুলির জন্যে অল্প অর্থ বা কোন অর্থের প্রয়োজন হয়না, সংক্ষিপ্ত অংশগ্রহণ এবং বিদ্যমান নেটওয়ার্ক এবং দক্ষতা ব্যবহৃত হয়।

কিটটির মধ্যে সাতটি মডিউল রয়েছে: শহুরে, সৃজনশীল যোগাযোগএর সঙ্গে পরিচিতি (ইন্ট্রোডাকশন টু আর্বান ক্রিয়েটিভ কমিউনিকেশনস), শহুরে কৃষি (আর্বান এগ্রিকালচার), প্রাথমিক সতর্কতা এবং প্রাথমিক পদক্ষেপ (আর্লি ওয়ার্নিং অ্যান্ড আর্লি অ্যাকশন), প্রকৃতি-ভিত্তিক সমাধান (নেচার-বেসড সলিউশনস) এবং বাসযোগ্য শহর (লিভেবল সিটিজ)। একেকটি মডিউলে একটি করে ধারণা বিষয়ক সংক্ষিপ্ত বিবরণ কার্ড, চারটি থেকে পাঁচটি কাজসংক্রান্ত কার্ডের সিরিজ এবং একটি বৈশ্বিক নীতি কার্ড। কার্যকলাপগুলি মিলিতভাবে বা পৃথকভাবে রূপায়িত করা যায়।

এটি চেষ্টা করে দেখুন! একটি মডিউল বেছে নিন। এমন একটি কাজ খুঁজে নিন যেটি আপনার সমাজের প্রয়োজনীয়তা এবং দক্ষতার সঙ্গে খাপ খায় – এরপরে কাজে নেমে পড়ুন!



## কিটটি নির্মান করেছেন:

## ব্যবহার গ্রহণ করেছেন:

আপনারা কি ভাবছেন তা আমাদের জানান!
আমাদের ইমেল করুন এখানে
cities@climatecentre.org

বা আমাদের বিষয়ে সমীক্ষা করুন এখানে
https://bit.ly/UAK_feedback


রুটির দোকান

# শহরীকরণ এবং শহুরে প্রসঙ্গে

বিগত 40 বছরে, শহরের - অন্ততপক্ষে 50,000 বাসিন্দা অধ্যুষিত উচ্চ ঘনত্বের মহানগরীর - জন সংখ্যা দ্বিগুণের অধিক হয়ে উঠেছে, 2015 সালে তা সর্বমোট ছিল 350 কোটি। পূর্বাভাস অনুযায়ী আধা-ঘন অঞ্চলগুলিতে আরো 210 কোটি মানুষের বসবাসের কারণে 2050 সালের মধ্যে বিশ্বের শহরের জনসংখ্যা 560 কোটিতে (62 শতাংশ) পৌঁছে যাবে। রাষ্ট্রসংঘের অনুমান, শহুরে জনসংখ্যার 90 শতাংশ বৃদ্ধি এশিয়া এবং আফ্রিকার বিকাশশীল দেশগুলির ছোট - এবং মাঝারি-আকারের শহরগুলিতে হবে।

দ্রুত এবং অপরিকল্পিত শহরের বিকাশের কারণে জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক বিপর্যয় জনিত নেতিবাচক প্রভাবের সংস্পর্শে আসা মানুষের সংখ্যা বৃদ্ধি পায়। বহু বড় শহর নদীর বদ্বীপে অবস্থিত এবং দুর্ভেদ্য উপরিতলের ব্যবহার,বর্ধিত ভূগর্ভস্থ জলের নিষ্কাশন এবং প্রাকৃতিক পরিবেশের ক্ষতির কারণে এগুলি অধিক পরিমানে বন্যা প্রবণ এবং অন্যান্য দুর্যোগের শিকার।

জলবায়ুগত পরিবর্তনের কারণে শহরগুলি উল্লেখযোগ্য সমস্যার সম্মুখীন হয়, যার মধ্যে অর্ন্তভুক্ত অতিরিক্ত জটিল আন্তঃসংযোগ ব্যবস্থা যেমন বাজার হাট, সামাজিক নেটওয়ার্ক এবং আন্তঃসংযোগ ব্যবস্থাপনা এবং নির্মিত পারিপার্শ্বিক পরিস্থিতিসমূহ (আবাসন, সড়ক এবং অন্যান্য পরিকাঠামো)। পূর্বাভাসে বলা হয়েছে জলবায়ুগত পরিবর্তনের প্রভাব (বর্ধিত বৃষ্টিপাত, ঝড়ের আধিক্য, বন্যা, তাপপ্রবাহ (heatwave) এবং শহরে উত্তাপ জনিত প্রভাবসমূহ) আগামী দশকগুলিতে তীব্রতর হয়ে উঠবে। দীর্ঘ-মেয়াদী প্রভাবসমূহ, যেমন সমুদ্র স্তরের উচ্চতা বৃদ্ধিরও পূর্বাভাস করা হয়েছে।

শহুরের পরিকাঠামোকে এই সব প্রভাবগুলির মোকাবিলায় দৃঢ় হতে হবে। পরিকাঠামো ব্যর্থ হলে, ব্যবসা, স্থানীয় বাজারহাট এবং পরিষেবাসমুহ যেমন পরিবহন, বিদ্যুৎ ব্যবস্থা এবং শিক্ষা ক্ষতিগ্রস্ত হয়। শহরের ব্যবস্থার আন্তঃসংযোগ এবং দুর্বলতা এবং সেগুলির বিস্তৃত প্রভাবগুলির চিত্র - শুধুমাত্র মনুষ্য স্বাস্থ্যের ওপরেই নয়, বাজার এবং সামাজিক-আর্থিক ব্যবস্থাকেও যে প্রভাবিত করে, চলতি কোভিড-19 অতিমারী তা প্রমান করেছে।

এই মডিউলটিতে, আমরা শিখব কিভাবে শহরে জলবায়ুগত-পরিবর্তন সম্পর্কিত ঝুঁকিগুলিকে চিহ্নিত করতে হবে এবং শহুরে ব্যবস্থার নকশা তৈরী করতে হবে। কিভাবে জলবায়ুগত পরিবর্তন এবং অন্যান্য সংকটগুলি শহর ব্যবস্থার স্থিতিস্থাপকতা এবং বিভিন্ন পরিষেবা গ্রহণকারী সমাজকে প্রভাবিত করে তা চিহ্নিত করতে এটির পরিকল্পনা করা হয়েছে।



# আমার শহরে জলবায়ুগত-সম্পর্কিত ঝুঁকিগুলি চিহ্নিত করা

এই কাজটির উদ্দেশ্য হল কর্মচারী এবং স্বেচ্ছাসেবকদের নিজেদের শহরে, জেলায় বা পাড়ায় (শহরের আকারের ওপর নির্ভর করে) জলবায়ু-সম্পর্কিত ঝুঁকি এবং সমাজের সহনশীলতা প্রতিবন্ধকতাগুলি চিহ্নিত করতে উৎসাহিত করা। 40 মিনিটের মতন সময় লাগবে

1. 4-6 জনকে নিয়ে একটি দল তৈরী করুন এবং একেকটি দলকে শহরের একটি মুদ্রিত মানচিত্র দিন। প্রত্যেক অংশগ্রহণকারীকে 10-15টি স্টিকি নোট দিন।
2. শহরের বিভিন্ন প্রান্তে সমাজগুলি যে ঝুঁকির সম্মুখীন হয় সে বিষয়ে প্রতিটি দলকে আলোচনা করে স্টিকি নোটে তা লিখে নিতে বলুন। এরপরে নিচে যেমন দেখানো হয়েছে সেই অনুযায়ী শহরের মানচিত্রে স্টিকি নোটগুলি লাগিয়ে দিন (15 মিনিট)। সারা শহর জুড়ে একইরকমের কোন ঝুঁকিটি মানুষের ওপর প্রভাব ফেলছে সেটি লক্ষ্য করুন - এটি একটি শহর স্তরের হুমকি।
3. প্রতিটি দলকে জলবায়ুগত পরিবর্তন সম্পর্কিত তিনটি সর্বাধিক গুরুত্বপূর্ণ ঝুঁকি চিহ্নিত করতে বলুন; এগুলি শহর স্তরের হুমকি নাকি নির্দিষ্ট কোন ভৌগলিক অঞ্চল ভিত্তিক সেই বিষয়ে আলোচনা; এবং সেটি তাদের স্টিকি নোটে নথিভুক্ত করা (15 মিনিট)।
4. দলগুলিকে বলুন চিহ্নিত ঝুঁকিগুলিকে একত্রিত করে একটি মানচিত্রে দেখাতে।
5. যেসব অঞ্চলে ঝুঁকিগুলি কেন্দ্রীভূত রয়েছে সেগুলিকে চক্রাকারে চিহ্নিত করুন এবং ঝুঁকিগুলি পারস্পরিক সম্পর্কযুক্ত কিনা এবং কেন, সে বিষয়ে অংশগ্রহণকারীদের ভাবনাচিন্তা করতে বলুন। (5 মিনিট)।
6. এই কাজটির ফলাফলগুলি একটি 1-2 পৃষ্ঠার প্রতিবেদনে বিবৃত করুন যা কিনা আরো বিস্তারিত কোন জলবায়ুগত ঝুঁকি বিশ্লেষণের সূচনা বিন্দু হতে পারে যেটির উদ্দেশ্য পরিবর্তনশীল জলবায়ুতে শহরে সমাজের স্থিতিস্থাপকতার উন্নতিকরণ।



**ইন্দোনেশিয়ান রেড ক্রস সোসাইটির সেমারং সিটি শাখা এই কাজটি সম্পূর্ণ করেছে এবং ঘন ঘন বন্যা, দুর্বল বর্জ্য ব্যবস্থাপনা, এবং নদী নালায় বর্ধিত পলিজমা/ পারাপার হ্রাস এই তিনটি শীর্ষ স্থানীয় জলবায়ুগত পরিবর্তন সংক্রান্ত ঝুঁকি হিসেবে চিহ্নিত করেছে। এরপর আলাপ আলোচনার ভিত্তিতে স্কুলগুলির সঙ্গে সহযোগিতা করে নদী পরিষ্কারের কাজ শুরু হয় এবং স্থানীয় সরকারের সহযোগিতায় বন্যার পাম্প প্রতিস্থাপিত হয় এবং ম্যানগ্রোভ রোপণ করা হয়।**




# শহুরে ব্যবস্থাপনার ছক তৈরী করা

এই কাজটি জলবায়ুগত অভিঘাতে শহরের ব্যবস্থাপনাগুলির দুর্বলতা চিহ্নিতকরণে এবং বিশ্লেষণে দিক নির্দেশ করে। জলবায়ুগত ঝুঁকিগুলি হ্রাস করার জন্যে শহুরে স্থিতিস্থাপকতা সংক্রান্ত রণনীতিগুলি নির্মাণ করতে বা নির্দিষ্ট কিছু হস্তক্ষেপকে অগ্রাধিকার দিতে এটিকে ব্যবহার করা যেতে পারে। এটির জন্যে 40–60 মিনিট লাগবে, শহরের আকার এবং দলটির ওপর নির্ভর করে।

1. 4–6 জনের একটি দল নির্মাণ করুন। একেকটি দল হয় শহরের মানচিত্র তৈরী করবে বা বিদ্যমান কোন মানচিত্র নিয়ে কাজ করবে।
2. প্রাত্যহিক জীবনে যে পরিষেবাগুলি ওরা ব্যবহার করে সেগুলি চিহ্নিত করতে একেকটি দলকে বলুন যেমন বিদ্যুৎ/গ্যাস, জল, জন পরিবহন, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা এবং নকশাটিতে সেগুলি যোগ করতে বলুন।
3. অংশগ্রহণকারীদের বলুন নকশার মধ্যে প্রতিটি ব্যবস্থপনাকে ভিন্ন ভিন্ন রঙে আঁকতে।
4. একটি বড় দলে অংশগ্রহণকারীদের একত্রিত করুন এগুলি নিয়ে আলোচনা করতে:
    a. একেকটি দলের নকশার মধ্যে কি কি মিল এবং অমিল রয়েছে?
    b. ওঁরা কি কোন কোন পরিষেবা এড়িয়ে গেছেন (যেমন বন্দর, বিমান বন্দর, সড়ক নেটওয়ার্ক, সেতু, খাদ্য সরবরাহ শৃঙ্খল, ব্যাঙ্ক এর উল্লেখ ও করা হয়েছে)?
5. একই ছোট দলে কাজ করাকালীন, অতীতের কোন সংকট বা জলবায়ু পরিবর্তন – সম্পর্কিত ঘটনা অংশগ্রহণকারীদের বিবৃত করতে বলুন যা কোন পরিষেবা/ব্যবস্থাপনার ব্যর্থতার কারণ হয়ে উঠেছিল।
6. কোন পরিষেবা/ব্যবস্থাপনার ওপর অভিঘাত এবং জলবায়ুর পরিবর্তন – সম্পর্কিত ঘটনার প্রভাব হ্রাস করার জন্যে যা যা করণীয় সে ব্যাপারে দলগুলিকে আলোচনা করতে বলুন যেমন:
    - স্থানীয় স্বাস্থ্য ব্যবস্থা এবং জলের সুবিধা চালু করা, বিশেষ করে আড়ম্বরহীন বসতিগুলিতে
    - সবুজাঞ্চল প্রসারিত/পুনরুদ্ধার করতে পুণঃসবুজায়ন প্রকল্পগুলি রূপায়িত করা
    - স্থানীয় পরিবেশ সংক্রান্ত সচেতনতা/পরিষ্করণের কাজের ব্যবস্থা করা।

**ভানুয়াতু রেড ক্রস সোসাইটি রাজধানীর শহর - লুগানভিলের ঝুঁকি মূল্যায়ণ এবং কর্মপ্রকল্প সম্পূর্ণ করেছে। এর মধ্যে পৌরসভার অংশীদারবৃন্দ, স্থানীয় সরকার, নাগরিক সমাজের সংগঠনসমূহ এবং ব্যবসায় নিযুক্ত সকল অংশীদারবৃন্দ যারা একত্রিত হয়ে জলবায়ুগত সংকটের ক্ষেত্রে শহরের দুর্বলতাগুলি চিত্রাঙ্কণ এবং বিশ্লেষণ করেন। গৌণ ডেটায় বিশ্লেষণ দ্বারা সমর্থিত, ব্যবস্থাপনাগুলি চিহ্নিতকরণের কাজটি অংশগ্রহণকারীদের শহুরে সংকটের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করেছে, এরসঙ্গে শহরের সমস্যাগুলির মধ্যে জড়িত থাকার ব্যাপারে ভানুয়াতু রেড ক্রস সোসাইটির আত্মবিশ্বাস বাড়িয়ে তুলেছে।**



# বিপন্ন সমাজগুলিকে চিহ্নিত করা

এই কাজটি সেই শহরের সমাজকে চিহ্নিত করতে সাহায্য করে যেগুলি বিভিন্ন ধরণের ঝুঁকি দ্বারা বিপন্ন। এই কাজটি সমধর্মী গোষ্ঠীগুলির ওপর দৃষ্টিপাত করে (সমান আগ্রহের বিষয়/অভিজ্ঞতা ভাগ করে নেওয়া মানুষের গোষ্ঠী)। একজন ব্যক্তি একাধিক সমধর্মী গোষ্ঠীর অর্ন্তভুক্ত হতে পারেন, আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকভাবে।

1. ধারণাগঠণের জন্যে একটি দল নির্মাণ করুন। এটি আপনার প্রকল্প (প্রোজেক্ট) দল, গুরুত্বপূর্ণ শরিকদের প্রতিনিধি বা কোন সমাজ কেন্দ্রিক দল হতে পারে।
2. প্রত্যেক ব্যক্তিকে স্বতন্ত্রভাবে শহরের সবকটি সমধর্মী গোষ্ঠীর তালিকা করতে বলুন যেগুলি তাদের মনে পড়ছে। উদাহরণস্বরূপ রয়েছেন শিক্ষক, বাসচালক, সাফাই কর্মী, বিকলাঙ্গ মানুষ, যেসব মানুষ সাইকেল চালিয়ে কাজে বেরোন, ছোট ব্যবসার মালিক, শিশু, অভিভাবকসমূহ। আরো অনেক আছে। সহায়তা করতে যেমন মানুষের পেশা, দৈনন্দিন কাজকর্ম, গতিবিধি এবং আগ্রহের বিষয়গুলি নিয়ে চিন্তাভাবনা করুন।
3. অংশগ্রহণকারীদের তিনজনের দল তৈরী করতে বলুন এবং ওদের তালিকভুক্ত সমধর্মী গোষ্ঠীগুলিকে জুড়ে দিন। কোন সমধর্মী গোষ্ঠী বাদ পড়ে গেল কিনা সে ব্যাপারে দলগুলিকে দেখে নিতে বলুন বিশেষ করে যারা অধিক মাত্রায় জলবায়ুগত ঝুঁকির কারণে বিপন্ন এবং তাঁদের তালিকাভুক্ত করুন।
4. চিহ্নিত জলবায়ুগত ঝুঁকিগুলির ক্ষেত্রে প্রতিটি সমধর্মী গোষ্ঠীর ‘অধিক’, ‘মাঝারি’ বা ‘কম’ বিপন্ন হওয়ার সম্ভাবনাটিকে মূল্যায়ণ করতে প্রতিটি দলকে বলুন।
5. বিভিন্ন সমধর্মী গোষ্ঠীকে কিভাবে তারা শ্রেণীবিভক্ত করেছেন সে ব্যাপারে দলগুলিকে সামগ্রিকভাবে আলোচনা করতে বলুন। এই বিষয়গুলি নিয়ে আলোচনা করুন:
   a. দলগুলির মধ্যে পার্থক্য
   b. যে সমধর্মী গোষ্ঠীগুলির উল্লেখ একবার মাত্র করা হয়েছে।
6. সামগ্রিকভাবে সিদ্ধান্ত নিন কোন সমধর্মী গোষ্ঠীগুলি সবচেয়ে বেশি বিপন্ন এবং তাই প্রস্তুতিমূলক পদক্ষেপগ্রহণের জন্যে সর্বাধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন।


**দক্ষিণ ক্যারোলিনার জর্জটাউন কাউন্টি গুরুতর বন্যা কবলিত। গবেষকেরা দেখেছেন যে সবচেয়ে নিচু অঞ্চলে বসবাসকারী মানুষেরা সবচেয়ে বেশি বিপন্ন নন, কারণ বেশিরভাগ ক্ষেত্রেই ওঁদের কাছে বন্যা বীমা এবং অন্যান্য সুরক্ষা ব্যবস্থা থাকে যেমন বাড়তি আর্থিক সংস্থানগুলির ব্যবস্থা। তার বদলে যে সব মানুষ নদী থেকে দূরে থাকেন, বন্যার মাঝারি ঝুঁকি নিয়ে, এবং যাদের সামাজিক সুরক্ষা ব্যবস্থা বা বীমা করানো থাকে না, তারাই প্রকৃতপক্ষে সর্বাধিক বিপন্ন।**



# অংশীদারিত্ব নির্মাণ

অংশীদারিত্ব নির্মাণ কোন একটি উদ্যোগের প্রভাব বৃদ্ধির ক্ষেত্রে খুব ভাল উপায় কারণ এইভাবে পরিপূরক দক্ষতা এবং সম্পদ সমৃদ্ধ মানুষ এবং সংস্থানগুলির সহায়তা লাভ করা যায়। বেশিরভাগ ক্ষেত্রেই একবার কিছু সংখ্যক অংশীদার আপনার সঙ্গী হয়ে গেলে, অন্যান্যরাও জানতে চান কিভাবে যুক্ত হবেন এবং সাহায্য করবেন।

1. উদ্যোগটিকে চিহ্নিত করা। কোন লক্ষ্য মাথায় রেখে এটি করা হচ্ছে তার একটি সংক্ষিপ্ত দৃষ্টিকোণের খসড়া তৈরী করুন। ভাবনাটিকে বড় রাখুন – নির্দিষ্ট, সাহসী এবং বাস্তব দৃষ্টিকোণগুলি সবচেয়ে বেশি প্রেরণাদায়ক হয়।
2. আপনার লক্ষ্যপূরণের জন্যে প্রয়োজনীয় যাবতীয় সংস্থানগুলি চিহ্নিত করুন। সুস্পষ্ট শব্দের মাধ্যমে ওগুলিকে তালিকাভুক্ত করুন ধনসম্পদের নয় বরং দক্ষতা, মানুষের সময়, পণ্য, গণমাধ্যমের সম্প্রচার ইত্যাদির প্রসঙ্গে বলুন।
3. এই অংশীদারিত্বে আপনি কোন সংস্থানগুলি দিতে পারবেন সেগুলি চিহ্নিত করুন। কৌশল নির্ধারণ করুন – আপনার সবচেয়ে বেশি বর্ধিত মূল্যের ওপর জোর দিন।
4. শুরু করার জন্যে সর্বাধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন সংস্থানগুলি, যা আপনার অংশীদারদের কাছ থেকে প্রয়োজন, সেগুলি চিহ্নিত করুন। আপনার উদ্যোগটিতে সম্ভাবনাময় অংশীদারেরা কেন আগ্রহী হতে পারেন তা চিহ্নিত করুন। এটি আপনার লক্ষ্যের সঙ্গে প্রত্যক্ষভাবে সংযুক্ত থাকতে পারে বা অপ্রত্যক্ষ ভাবেও। ওদের রাজি করানোর জন্যেও এটির ব্যবহার করতে পারেন।
5. একেকজন অংশীদারের সঙ্গে আলাদা আলাদা করে দেখা করুন, যারা সবচেয়ে বেশি যুক্ত হতে চান তাদের দিয়ে শুরু করে। আপনার লক্ষ্যটি ভাগ করে নিন; কেন ওঁরা গুরুত্বপূর্ণ সম্ভাবনাময় অংশীদার; কিভাবে উদ্যোগটি তাঁদের লক্ষ্যপূরণে অবদান রাখে; কোন অনন্যসাধারণ অবদান ওঁরা রাখবেন যা আপনি মনে করেন; এবং আপনার নিজের সংস্থানগুলি ছাড়াও অন্য কোন অংশীদার এবং সম্পদ সুনিশ্চিত রয়েছে।
6. অংশীদারদের মিলিত করুন এবং শুরু করে দিন।



**তাঞ্জানিয়ার দার এস সালামে রেড ক্রস সোসাইটি এবং বিশ্ব ব্যাঙ্ক শহর কর্তৃপক্ষ, আরধি বিশ্ববিদ্যালয়, দার এস সালাম এর বিশ্ববিদ্যালয়, ড্রোন অ্যাডভেনচার্স এবং হিউমানিটারিয়ান ওপেনস্ট্রিটম্যাপ টিম (Humanitarian OpenStreetMap Team, HOT) এর সঙ্গে দার এস সালাম এর দশটি সর্বাধিক বন্যা কবলিত ওয়ার্ড চিহ্নিত করার জন্যে যৌথভাবে কাজ করে। এই উদ্যাগটিতে প্রত্যেক অংশীদার তাদের বিশিষ্ট সংস্থানগুলি কাজে লাগান: দুটি বিশ্ববিদ্যালয়ই শহুরে পরিকল্পনায় বিদ্যার্থীর যোগান দেন, রেড ক্রস পারিপার্শ্বিক বিষয়ে দক্ষতাসম্পন্ন স্বেচ্ছাসেবক যোগান দেয়, HOT প্রশিক্ষণ দেয়, বিশ্বব্যাঙ্ক বন্যার মডেল উপস্থিত করে এবং ড্রোন অ্যাডভেঞ্চার্স চিহ্নিত অঞ্চলগুলির ছবি নেওয়ার উদ্দেশ্যে একটি ড্রোন এর পরিষেবা প্রদান করে।**



# গ্লোবাল লিঙ্ক

শহরগুলি আনুমানিক 70 শতাংশ শক্তি খরচ করে এবং বিশ্বের মোট কার্বন নিঃসরণ এর 75 শতাংশ  উৎপাদন করে। তবে আর্থিক এবং সামাজিক কাজকর্মের গহন কেন্দ্র হওয়ার দরুন, এগুলি মূল কারণগুলি সম্বোধন করতে এবং জলবায়ুগত পরিবর্তনের নেতিবাচক প্রভাবগুলি হ্রাস করার সুযোগ করে দেয়। বিশ্ব জুড়ে শহর সরকার/ পৌরসভাগুলি উদ্যোগ নিচ্ছে এবং বহুমাত্রিক-শহর ভিত্তিক নেটওয়ার্ক হিসেবে যৌথভাবে কাজ করছে - যেমন দীর্ঘস্থায়ীতা রক্ষার জন্যে C40 শহর এবং স্থানীয় শাসন ব্যবস্থা (লোকাল গভর্নমেন্টস ফর সাসটেনেবিলিটি) (ICLEI) - কার্বন শূন্য, দীর্ঘস্থায়ী শহর গড়ে তুলতে যৌথভাবে কাজ করছে। রাষ্ট্রীয় সমিতিগুলি তাদের সহায়ক ভূমিকা বৃদ্ধি করতে পারে; এবং স্থানীয় সরকারের সঙ্গে কাজ করে জলবায়ুগত পরিবর্তনের সমাজ-ভিত্তিক সমাধান খুঁজে বের করতে শহর-স্তরের প্রয়াসগুলিতে অবদান রাখতে পারে।




# নগর কৃষি

এই মডিউলটিতে শহুরে উদ্যানগুলিতে কিছু কার্যকলাপের মাধ্যমে কৃষিকার্য উন্নতিকরণ এবং প্রকৃতি-ভিত্তিক সমাধানের সহজ এবং বাস্তব উপায় উপস্থাপিত করা হয়েছে।

শহুরে বাগানগুলি প্রকৃতিগত, সামজিক এবং আর্থিক দিক থেকে উপকারী। স্কুলগুলিতে, এগুলি পরিবেশ, কৃষি, খাদ্য এবং পুষ্টি সম্পর্কিত শিক্ষা দিয়ে থাকে। পাড়ার মধ্যে এগুলি থাকার দরুন মানুষ স্থানীয়ভাবে উৎপন্ন এবং সাশ্রয়কর ফল ও সবজি পেতে পারেন, এবং কম্পোস্টিং এর বর্জ্য কমে। পার্ক এবং অন্যান্য সার্বজনীন সবুজ ক্ষেত্রগুলিতে স্বাস্থ্য এবং সমৃদ্ধি বৃদ্ধিতে, এগুলি বিনোদন এবং সামাজিকীকরণের স্থান হিসেবে কাজ করে; তাছাড়াও এগুলি সমাজের মধ্যে নাগরিক মেলবন্ধন এবং সামাজিক সংহতিও দৃঢ় করে। বাগানগুলি শহরের ফাঁকা স্থলগুলির চেহারা বদলে দিতে পারে এবং বাতাস এবং মাটির গুণগতমান এবং শহরের সূক্ষ্ম জলবায়ুর উন্নতিসাধণ করতে পারে। এগুলি দুর্ভেদ্য পৃষ্ঠতলগুলিকে সরানোর মাধ্যমে মাটিতে সহজে জল প্রবেশ করানোয় সহায়তা করে; শহরের ফাঁকা স্থলগুলির সবুজায়নের প্রয়াসে বিভিন্ন সৃজনশীল উপায় উন্নীত করে (যেমন ছাদ বা লম্বালম্বি বাগান); এবং ফাঁকা স্থানগুলি আরো ভালভাবে ব্যবহৃত হয়। শহুরে বাগানের কাজে কর্মে নিযুক্ত হয়ে ব্যক্তি এবং সমাজগুলি শারীরিকভাবে ও মানসিকভাবে খুবই উপকৃত হন।

এই মডিউলটিতে এমন সব কৌশল এবং কার্যকলাপের উল্লেখ রয়েছে যা সচেতনতা বৃদ্ধি করে এবং স্থানীয় পরিস্থিতি এবং লব্ধ সংস্থানগুলি ওপর নির্ভর করে বিভিন্ন ধরণের শহুরে বাগানের বিকাশে সহায়তা করেছে।

# BINGO



# গার্ডেন বিঙ্গো

গার্ডেন বিঙ্গো নামের পুরোনো খেলাটির ওপর ভিত্তি করা যেখানে বিঙ্গো- খেলার হোস্ট সংখ্যাটি হাঁকার পরে খেলোয়াড় তার স্কোরকার্ডে সংখ্যাটি কেটে দেবেন। গার্ডেন বিঙ্গোতে 'খেলোয়াড়ের কার্ডের' নম্বরগুলির জায়গায় ফল এবং সবজির ছবি থাকে। কলার 'ট্রিভিয়া কার্ড' থেকে এই সব বাগান জাত দ্রব্যগুলির বর্ণনা পড়ে শোনান এবং প্রতিটি খেলোয়াড় তাঁদের কার্ডে সেগুলিকে কেটে দেন। বিজয়ী হওয়ার উপায় হল অন্যদের আগে আপনাকে সবকটি ফল এবং সবজি কেটে দেওয়া। স্বাস্থ্যকর খাবার খাওয়ার ব্যাপারে উৎসাহিত করতে এবং কৃষি, খাদ্য নিরাপত্তা এবং পুষ্টির ব্যাপারে ধারণা বৃদ্ধির উদ্দেশ্যে খেলাটি ছোট এবং অল্প বয়সীদের জন্যে নির্মিত।

1. খেলার জন্যে একটি তারিখ এবং সময় নির্ধারণ করুন। এর মধ্যে আপনার সমাজের শিক্ষার্থী বা যুবক্লাবগুলি যুক্ত থাকতে পারে।

2. বিভিন্ন ফল এবং সবজির ছবি দেওয়া খেলোয়াড় কার্ড ডিজাইন করুন এবং প্রিন্ট আউট নিন।

3. ট্রিভিয়া কার্ডগুলিতে ফল এবং সবজিগুলির বিবরণ লিখুন। প্রতিটি ফল এবং সবজির ক্ষেত্রে আলাদা আলাদা কাগজ ব্যবহার করুন যাতে এক এক করে ওগুলির নাম হাঁকা যায়।

4. খেলোয়াড় কার্ডগুলি বিতরণ করুন এবং খেলাটি শেষ করার উপায়টি ঠিক করুন (অর্থাৎ ফল এবং সবজির সারিতে খাঁড়াভাবে, পাশাপাশি বা কোনাকুনি ভাবে কেটে অথবা খেলোয়াড় কার্ডের সবকটি চিত্র খুঁজে বের করে কেটে)।

5. এক এক করে ট্রিভিয়া কার্ডগুলি বের করুন। এরপরে অংশগ্রহণকারীরা তাদের কার্ডে মিলে যাওয়া চিত্রটি খুঁজে বের করবে এবং কেটে দেবে। যে ব্যক্তি সবচেয়ে আগে সঠিক পদ্ধতিতে চিত্রগুলি কাটবে সে খেলাটি জিতবে।

**ইউকে তে ফুড ফর লাইফ এর কাজ হল প্রাক স্কুল পর্যায়ে, স্কুলে এবং অন্যান্য পরিস্থিতিতে খাদ্য সংস্কৃতি পরিবর্তন করা। বিগত 15 বছর ধরে, এটি খাদ্য শিক্ষার উন্নতি করার পাশাপাশি শিক্ষার্থী এবং তাদের পরিবারগুলিকে মজাদার কর্মকান্ডগুলিতে যুক্ত করে আসছে যা খাদ্য নিরাপত্তা এবং কৃষির ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করে। এই ধরণের বিকল্প, কাজ-ভিত্তিক শিক্ষা ব্যবস্থা কার্যকরী হিসেবে প্রমাণিত হয়েছে কারণ যে স্কুলগুলি ফুড ফর লাইফে অংশগ্রহণ করছে, সেই সব স্কুলে স্কুল থেকে দেওয়া খাবার গ্রহণে এবং স্কুলে হাজিরার ক্ষেত্রে বৃদ্ধি পরিলক্ষিত হয়েছে।**



# গেট ডিগিং

গেট ডিগিং সমাজের সবুজ স্থানগুলিতে, বাড়ির পিছনে লাগোয়া ছোট জমিতে বা স্কুলের মাঠে শহুরে বাগান এর পরিকল্পনা করতে এবং নির্মাণ করতে সমাজগুলিকে উৎসাহিত করে। এতে যুক্ত হলে স্থানীয় আবাসিকদের বাগান পালনের দক্ষতা বৃদ্ধি হয় এবং তার সঙ্গে সঙ্গে শহুরে কৃষি, জলবায়ু পরিবর্তন এবং পরিবেশ, খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি সংক্রান্ত জ্ঞান বৃদ্ধি হয়।

1. শহুরে বাগানের জন্যে উপযুক্ত একটা ফাঁকা স্থান চিহ্নিত করতে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন (যেমন একটি ফাঁকা জনস্থান, কোন ব্যক্তিগত স্থান, বাড়ির পিছনের ফাঁকা জমি বা কোন স্কুলের মাঠ)। ফাঁকা স্থানগুলিকে বাগানে রূপান্তরিত করার অনুমোদন চেয়ে নিন। স্থানটি যাতে সহজগম্য এবং নিরাপদ হয়, কোন জলের উৎসের কাছাকাছি হয় এবং পর্যাপ্ত পরিমানে রোদ পায় সেটি মনে রাখবেন।

2. বাগানটির পরিকল্পনায় সমাজের সদস্যদের যুক্ত করুন (যেমন নেতৃত্বদানকারী ব্যক্তি, ব্যবসা, শিক্ষক, অভিভাবক, শিশুসমূহ)। মাটির ধরণ এবং বছরের কোন সময় লাগাবেন বা এমন কি শিশুদের প্রিয় গল্পের বইতে থাকা বা রেসিপি(গুলি)র ওপর ভিত্তি করে চারাগাছগুলি নির্বাচন করুন। প্রয়োজনে অভিজ্ঞ মালিদের সঙ্গে আলোচনা করুন।

3. বীজ, চারা, উপকরণ এবং যন্ত্রপাতি কেনার পরে জমিটি তৈরী করার জন্যে এবং বাগানে চারাগাছ লাগানোর জন্যে একটি দিন নির্দিষ্ট করুন। পুরো সমাজকে যুক্ত করুন। প্রবীণ এবং অল্প বয়সীদের সঙ্গে মিলিতভাবে কাজ করার ব্যাপারে উৎসাহিত করতে বাগান সম্পর্কিত জ্ঞান বিভিন্ন প্রজন্মের মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়ার সুযোগ দিন।

4. বাগান রক্ষণাবেক্ষণের একটি সূচী তৈরী করুন, গাছে জল দেওয়া, আগাছা সরানো, পরিষ্কার করা এবং তত্বাবধানের জন্যে একটি কর্মসূচী নির্ধারণ করুন। আবার, পুরো সমাজকে যুক্ত করুন।

5. সমাজের সদস্যদের বাগানটিকে খাদ্যের উৎস হিসেবে ব্যবহার করতে উৎসাহিত করুন। ফলন সংগ্রহ এবং উৎপন্ন সামগ্রীগুলি ভাগ করে নেওয়ার জন্যে একটি দিন নির্দিষ্ট করুন।

**2008 সালে হারিকেন ওমর জনিত ক্ষতির প্রত্যক্ষ পরিনতি হিসেবে, খাদ্য ঘাটতি এবং মূল্য বৃদ্ধির ঘটনা ঘটে,এটিকে মাথায় রেখে FAO অ্যান্টিগুয়া এবং বার্বুডাতে বাড়ির পিছনে লাগোয়া জমিতে কৃষি কার্যের উদ্যোগটি সমর্থন করে। কর্মসূচীটির বিপুল জনপ্রিয়তার কারণে সরকার আনুষ্ঠানিকভাবে 22শে এপ্রিল তারিখটিকে ন্যাশনাল ব্যাকইয়ার্ড ফার্ম ডে হিসেবে ঘোষণা করে এবং এটি এখন প্রতি বছর উদযাপিত হয়। বাড়ির পিছনের লাগোয়া জমিগুলি সমাজের খাদ্য নিরাপত্তা বৃদ্ধি করে এবং মানুষকে একত্রিত করতে সাহায্য করে।**



# আর্বান জেঙ্গা

এই কাজটি শহুরে বাগান সম্ভব করে তোলে যেখানে স্থান সীমিত। জেঙ্গা খেলায় এই বাগানটি টাওয়ারের মতন দেখতে, যেটির কাঠামোটি একটির ওপর একটি সাজিয়ে রাখা ব্লকের মতন। লম্বালম্বি বাগানগুলি সহজে তৈরী করা যায় এবং রক্ষণাবেক্ষণ ও সম্ভব। এখানে কাঠের জালি, পাথরের স্তম্ভ বা শক্তপোক্ত দেওয়াল ব্যবহার করা হয় যাতে ওগুলি বাইরের দিকে বেড়ে ওঠার পরিবর্তে ওপরের দিকে বেয়ে ওঠে।

1. লম্বালম্বি বাগানের জন্যে উপযুক্ত একটা ফাঁকা স্থান চিহ্নিত করতে বিল্ডিং এর মালিক এবং স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন (যেমন ছাদ, ফাঁকা বা অব্যবহৃত স্থান, বাড়ির পিছনের ফাঁকা জমি বা বাড়ি বা বিল্ডিং সংলগ্ন কোন ফাঁকা জায়গা)। স্থানটি যাতে সহজগম্য এবং নিরাপদ হয়, কোন জলের উৎসের কাছাকাছি হয় এবং পর্যাপ্ত পরিমানে রোদ পায় এবং লম্বালম্বি কাঠামো ধরে রাখতে পারে সেটি মনে রাখবেন।
2. যেখানে আপনি নির্মান করার পরিকল্পনা করছেন সেই বাড়ির মালিক এবং বসবাসকারী আবাসিকদের সঙ্গে লম্বালম্বি বাগানটির নকশা নির্মান এবং পরিকল্পনা করুন। যেসব গাছপালা লম্বালম্বি ভাবে বাড়ে সেইসব গাছ নির্বাচন করুন। ওগুলির কতটা মাটি, জল বা রোদের প্রয়োজন তা ভেবে দেখবেন। প্রয়োজনে অভিজ্ঞ মালিদের সঙ্গে আলোচনা করুন।
3. বীজ, চারা, উপকরণ এবং যন্ত্রপাতি কেনার পরে লম্বালম্বি কাঠামোটি নির্মান করতে এবং বাগানে চারাগাছ লাগানোর জন্যে একটি দিন নির্দিষ্ট করুন। গোটা বিল্ডিং এর সব আবাসিকদের এবং, যথোচিত হলে, বৃহত্তর সমাজকে যুক্ত করুন।
4. বাগান রক্ষণাবেক্ষণের একটি সূচী তৈরী করুন, গাছে জল দেওয়া, আগাছা সরানো, পরিষ্কার করা এবং তত্বাবধানের জন্যে একটি কর্মসূচী নির্ধারণ করুন। আবার গোটা বিল্ডিং এর সব আবাসিকদের এবং, বৃহত্তর সমাজকে যুক্ত করুন।
5. যারা যুক্ত হয়েছেন তাদের লম্বালম্বি বাগানটিকে খাদ্যের উৎস হিসেবে ব্যবহার করতে উৎসাহিত করুন। ফলন সংগ্রহ এবং উৎপন্ন সামগ্রীগুলি ভাগ করে নেওয়ার জন্যে একটি দিন নির্দিষ্ট করুন।


**নাইরোবির কিবেরার বিধিবহির্ভূত বসতিটি - যেখানে খাদ্য নিরাপত্তার প্রাদুর্ভাব রয়েছে এবং স্থান সীমিত - আবাসিকরা শহুরে বাগান করতে একটি উপায় উদ্ভাবন করেছে: পুনর্ব্যবহারযোগ্য বস্তা বা বায়োডিগ্রেডেবল সিমেন্টের ব্যাগ ব্যবহারের মাধ্যমে লম্বালম্বি বস্তার বাগান তৈরী করেছেন। 1,000 এর বেশি কৃষক এই পদ্ধতি ব্যবহার করে তাদের ছাদে এবং সরু গলিতে সবজি ফলাচ্ছেন এবং তাদের পরিবারের ভরণপোষণ করছেন এবং আয় বৃদ্ধি করছেন।**



# গার্ডেন হান্ট

গার্ডেন হান্ট হল এমন একটি খেলা যেখানে গাছ-গাছালির বিশেষত্ব এবং উৎস স্থানের বিবরণের ওপর ভিত্তি করে গাছগুলি চিনতে একটি শহর বাগানের ভিতর দিয়ে ঘুরে বেড়াতে হবে। এই সহজ খেলাটি স্কুল পড়ুয়া এবং স্কুল পাশ করা যুববৃন্দের জন্যে পরিকল্পিত। গার্ডেন হান্ট খেলার মাধ্যমে, অল্প বয়সী ছেলে মেয়েরা তাদের খাদ্য সংস্কৃতি এবং সবুজাঞ্চলের সম্পর্কে আরো বেশি করে জানতে পারবে, বিশেষ করে শহর বাগান সম্পর্কে।

1. একেকটি গাছের বিশেষত্ব এবং উৎস স্থানের বিবরণ দিয়ে ক্লু কার্ড তৈরী করুন। কার্ডগুলিকে সংশ্লিষ্ট গাছের বাক্সে ঢুকিয়ে দিন এবং গাছের লেবেলগুলি সরিয়ে দিন। প্রয়োজনে অভিজ্ঞ মালিদের সঙ্গে আলোচনা করুন।
2. দলটি বড় হলে, খেলোয়াড়দের জুটি তৈরী করুন অথবা ছোট ছোট দলে নিয়ে নিন। প্রত্যেক খেলোয়াড়, জুটি বা দলকে গাছের বিবরণ সম্বলিত একটি উত্তরপত্র দিয়ে দিন এবং প্রত্যেকটি বিবরণের পাশে একটি ফাঁকা জায়গা রাখুন যেখানে খেলোয়াড়েরা সংশ্লিষ্ট গাছের নামগুলি লিখতে পারবে।
3. খেলোয়াড়দের বাগানে ঘুরে বেড়াতে এবং যে সূত্রগুলি তাদের দেওয়া হয়েছে তার ভিত্তিতে গাছগুলিকে সনাক্ত করতে বলুন।
4. 15 মিনিট পরে খেলোয়াড়, জুটি বা দলগুলিকে একসঙ্গে জড়ো করুন, এবং ওদের উত্তরগুলি মিলিয়ে নিন। যারা সর্বাধিক সঠিক উত্তর দেবে, তারাই জিতবে।
5. খেলোয়াড়েরা কি কি নতুন জিনিস শিখলো এবং বাগানটির নিরবচ্ছিন্নতা বজায় রাখতে ওদের চিন্তাভাবনা কি তা ওদের কাছ থেকে জানতে চান।



**আমেরিকা জুড়ে সমাজ-চালিত শহর বাগান দেখা যায় যেখান থেকে পরিবারগুলির জন্যে টাটকা ফলন, ঘরে তৈরী শিল্প যোগান দেওয়া হয় এবং নিরাপদ সর্বজনীন স্থলের ব্যবস্থা থাকে। এর মধ্যে অর্ন্তভুক্ত ডেট্রয়েট ব্ল্যাক কমিউনিটি ফুড সিকিওরিটি নেটওয়ার্ক; হোলিওকে, ম্যাসাচুসেটস এ নিউস্ট্রাস রেসিস; এবং নিউ ইয়র্কের ব্রুক্লিন এ ইস্ট নিউ ইয়র্ক ফার্মস। এখানে, বৃদ্ধ এবং যুবক স্বেচ্ছাসেবকেরা বাগান বিষয়ক শিক্ষা, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গি, বিনিময়ের জন্যে একে অপরের সঙ্গে যুক্ত এবং সদস্যদের সমাজের খাদ্য সংস্কৃতি সম্পর্কে আবিষ্কারের সুযোগ রয়েছে।**



# গ্লোবাল লিঙ্ক

শহর বাগানগুলির দৌলতে স্বেচ্ছাসেবা এবং সহযোগিতা উন্নীতকরণের পাশাপাশি পরিবেশগত, সামাজিক এবং আর্থিক সুবিধাগুলি কাজে লাগে।

দীর্ঘস্থায়ী বিকাশ (সাসটেনেবল ডেভেলপমেন্ট) লক্ষ্য 2 এর সঙ্গে সামঞ্জস্য রেখে বাড়িতে এবং স্কুলে পুষ্টিকর খাদ্যের লভ্যতা বৃদ্ধির মাধ্যমে এগুলি খাদ্য নিরাপত্তা উন্নতিকরণের একটি সদুপায়: “ক্ষুধা নিবৃত্তি করুন, খাদ্য নিরাপত্তা অর্জন করুন এবং উন্নত পুষ্টিগুণ লাভ করুন এবং দীর্ঘস্থায়ী কৃষি উন্নীত করুন”; এবং বিশেষ লক্ষ্য 2.1 “2030 এর মধ্যে ক্ষুধা নিবৃত্তি করুন এবং প্রতিটি মানুষ বিশেষ করে দরিদ্র এবং বিপন্ন পরিস্থিতির শিকার হওয়া মানুষ যার মধ্যে অর্ন্তভুক্ত শিশুরা সারা বছর জুড়ে নিরাপদ পুষ্টিকর এবং পর্যাপ্ত খাদ্য লাভের অধিকার পেতে পারে সে ব্যাপারে সুনিশ্চিত হোন”।

দীর্ঘস্থায়ী উন্নয়ন লক্ষ্য 13 এর সঙ্গে সঙ্গতি রেখে শহর বাগানগুলি প্রকৃতিকে মানুষের ধরাছোঁওয়ার মধ্যে নিয়ে আসে এবং প্রকৃতি-ভিত্তিক সমাধান সম্ভবপর করে: “জলবায়ুগত পরিবর্তন এবং তার প্রভাবের বিরুদ্ধে লড়তে জরুরী পদক্ষেপ গ্রহণ করুন”; এবং বিশেষ করে, লক্ষ্য 13.1 “সব দেশে জলবায়ু সম্পর্কিত ঝুঁকি এবং প্রাকৃতিক দুর্যোগগুলির ক্ষেত্রে স্থিতিস্থাপকতা এবং অভিযোজনের ক্ষমতা জোরদার করে তুলুন”।



# শহুরের জল, সাফাই (স্যানিটেশন) এবং পরিচ্ছন্নতা

জল, সাফাই এবং পরিচ্ছন্নতাকে একত্রে WASH বলা হয়; তিনটি বিষয়ই একে অপরের ওপর নির্ভরশীল। পর্যাপ্ত WASH এর সুবিধা ছাড়া জল-বাহিত রোগগুলি মাথা চাড়া দিতে পারে (যেমন ডায়রিয়া, কলেরা এবং টাইফয়েড), ভেক্টর বাহিত রোগগুলির বাড়বাড়ন্ত হতে পারে (যেমন ম্যালেরিয়া, ডেঙ্গু জ্বর এবং পীত জ্বর) এবং প্রাথমিক স্বাস্থ্য পরিষেবাগুলি নিষ্ক্রিয় হয়ে যেতে পারে। জলবায়ুগত পরিবর্তনশীলতা বৃদ্ধির দরুন জল এবং ভেক্টর বাহিত রোগগুলির প্রাদুর্ভাব ঘটছে, ফলে জনস্বাস্থ্য উদ্বেগজনক হয়ে উঠছে। পরিষ্কার জল, নিরাপদ সাফাই কার্য এবং নিরাপদ পরিচ্ছন্নতা লাভের সামর্থ্যকে অগ্রাধিকার দেওয়া গুরুত্বপূর্ণ।

WASH-কে প্রায়শইঃ পরিকাঠামোগত সুবিধা এবং প্রযুক্তিগত ব্যবস্থাপনা হিসেবে বিবেচনা করা হয়, বিশেষ করে শহুরে অঞ্চলে। যাইহোক, সুপরিচ্ছন্নতা এবং আচরণগত পরিবর্তনের বিষয়ে মানুষের সচেতনতা বৃদ্ধি না করলে (যেমন হাতের মাধ্যমেও শরীরে ভাইরাস, ব্যাক্টেরিয়া, প্যারাসাইট এবং অন্যান্য রোগ জীবানু প্রবেশ করতে পারে, তাই ভাল করে হাত ধোওয়া একটি গুরুত্বপূর্ণ সতর্কতা ব্যবস্থা) শুধুমাত্র WASH এর সুযোগ সুবিধাগুলি রোগ এবং মৃত্যুর হার হ্রাস করতে পারে না।

শহরের বসবাসকারী দরিদ্র মানুষ এবং বিধিবহির্ভূত বসতির মানুষেরা WASH এর অপর্যাপ্ত সুবিধা বা সুযোগ সুবিধা না থাকার দরুন বেশিরভাগ ক্ষেত্রে ব্যাধি প্রবণ হন। ফলে, এই সব ক্ষেত্রগুলিকে বিশেষভাবে বিবেচনা করা গুরুত্বপূর্ণ।



# ঘরের বর্জ্য পৃথকীকরণের প্রতিযোগিতা

উৎস থেকে বর্জ্য পৃথক করা একটি সহজ পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) প্রক্রিয়া, কিন্তু যেকোন কঠিন-বর্জ্য ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ অংশ। বর্জ্যকে অন্ততপক্ষে দুটি বিভাগে পৃথক করা যায় – ভেজা বর্জ্য (যেমন রান্নাঘরের বর্জ্য) এবং শুকনো বর্জ্য (যেমন কাগজ, কার্ডবোর্ড এবং প্লাস্টিক)। বর্জ্যগুলিকে পৃথক করে এবং সেরা পদ্ধতিটি ভাগ করে নেওয়ার ব্যাপারে উৎসাহিত করতে পুরস্কারগুলি একটি কার্যকরী উপায় হয়ে উঠতে পারে।

1. স্থানীয় শাসন ব্যবস্থা, সুশীল সমাজ সংগঠন এবং বে-সরকারী বিভাগের বর্জ্য সংগ্রাহকদের মধ্যে অংশীদারিত্ব গঠন করুন। ঘরের বর্জ্য /পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) এর স্তর পৃথক করার একটি লক্ষ্য নির্দিষ্ট করুন।

2. তাছাড়াও কোন এলাকাভুক্ত সংঘ সমিতিসমূহ এবং স্থানীয় NGO-র সঙ্গে এক সহযোগে কাজ করুন। এই সকল অংশীদারেররা পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) এর গুরুত্ব, এর প্রতি মানুষের আচরণগত পরিবর্তনের ব্যাপারে সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন; এবং পরে ইতিবাচক পার্থক্য নিয়ে আসা পুরস্কার প্রাপকদের স্বীকৃতি দিতে তাঁদের চিহ্নিত করা।

3. সব অংশীদারদের সঙ্গে আলোচনা করে কোন স্থানে এই উদ্যোগটি নেওয়া হবে তা স্থির করুন। সমস্যাটির বিষয়ে পরিবারের সচেতনতা বৃদ্ধির জন্যে এবং পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) এর ব্যাপারে তাদের আচরণে বদল আনার জন্যে উপকরণগুলি প্রস্তুত করুন।

4. প্রোগ্রামটি চালু করুন এবং প্রত্যেক 4–6 সপ্তাহে ঘরগুলির অগ্রগতির ওপর নজর রাখুন। সংগ্রহ করার সময়ে বর্জ্যগুলিকে পৃথকীকরণের ভিত্তিতে যে পরিবারগুলি পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) এ সেরা সেগুলিকে চিহ্নিত করুন এবং, তার জন্যে বর্জ্য নিষ্পত্তির স্থানে মিশ্রিত বর্জ্য কম পরিমানে পৌঁছয়।

5. স্থানীয় নেতৃত্বদানকারী ব্যক্তি এবং বিশিষ্টজনদের উপস্থিতিতে একটি পুরস্কার বিতরনী অনুষ্ঠান এর আয়োজন করুন।

**ভারতের কয়েমবাতোর শহরের আধিকারিকবৃন্দ ICLEI দক্ষিণ এশিয়া এবং স্থানীয় NGO-র সঙ্গে এক সহযোগে কর্মরত - SUNYA (দক্ষিন এশিয়ায় শূন্য বর্জ্যের লক্ষ্যে) প্রকল্পটি চালু করে যাতে শহরের 23 নং ওয়ার্ডে 100 শতাংশ বর্জ্য - পুণঃপ্রক্রিয়াজাতকরণ (রিসাইক্লিং) সম্ভব করা যায়। কর্মসূচীটির লক্ষ্য হল উৎস থেকে বর্জ্যকে পৃথক করা। পরিবারগুলিকে অংশগ্রহণ করার ব্যাপারে উৎসাহিত করা হয় এবং সেরা রিসাইকেল চালকদের পুরস্কৃত করা হয়।**



# সাফাই কর্মীদের আচরণগত পরিবর্তন

সাফাই কর্মীরা গণশৌচাগার, নিকাশী, নর্দমার মোকাবিলা করেন এবং ম্যানহোলগুলির রক্ষণাবেক্ষণ করেন এবং কঠিন-বর্জ্য ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত থাকেন। এই ধরণের বিপজ্জনক পরিবেশে কাজ করলে গুরুতর স্বাস্থ্যের সমস্যা দেখা দেয়। নিচের কাজটি সাফাই কর্মীদের সুরক্ষাপ্রদানকারী পোশাক পরা এবং ভালভাবে এবং নিয়মিত হাত ধোওয়া/পরিস্কার রাখার গুরুত্বটি বুঝতে পরিকল্পিত হয়েছে।


1. স্থানীয় NGO, কর্মী সংগঠন এবং ইউনিয়নগুলির সঙ্গে এক সহযোগে একটি প্রকল্প তৈরী করুন। কাজগুলির মধ্যে অর্ন্তভুক্ত থাকবে হাত ধোওয়া এবং/অথবা সুরক্ষাপ্রদানকারী পোশাক এবং অন্যান্য নিরাপত্তা সংক্রান্ত উপকরণ বিতরণের গুরুত্বের ব্যাপারে কর্মীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।

2. সাফাই কর্মীদের জ্ঞান এবং কিটের মধ্যে যে ফাঁকগুলি রয়েছে সেগুলি চিহ্নিত করতে পরিস্থিতি বিশ্লেষণ এর আয়োজন করুন। সচেতনতা বৃদ্ধি এবং আচরণগত পরিবর্তন সংক্রান্ত কাজগুলির একটি সামগ্রিক উদ্দেশ্য এবং অর্ন্তবর্তীকালীন লক্ষ্য নির্দিষ্ট করুন।

3. উদ্যোগটির অনুমোদন, আনুষ্ঠানিককরণ এবং সম্ভাব্য অর্থ সংস্থানের জন্যে পরিষেবা - প্রদানকারী, স্থানীয় শাসন ব্যবস্থা এবং জাতীয় মন্ত্রককে সামিল করুন।

4. উদ্যোগটি চালু করুন এবং ভালভাবে এবং নিয়মিত হাত ধোয়ার গুরুত্বটি ব্যাখা করতে সাফাই কর্মীদের প্রথম একটি বৈঠকের আয়োজন করুন এবং, প্রয়োজনে, ওদের সুরক্ষাপ্রদানকারী পোশাক এবং অন্যান্য নিরাপত্তামূলক উপকরণ সরবরাহ করুন।

5. ভবিষ্যৎ পরিকল্পনা, রূপায়ন এবং পর্যবেক্ষণের জন্যে উদ্যোগটি স্থানীয় শাসন ব্যবস্থার হাতে তুলে দিন।



**বুর্কিনা ফাসোর উয়াগাদুগু-তে, পিট ল্যাট্রিন এবং সেপটিক ট্যাঙ্কগুলি সাধারণতঃ হাতের সাহায্যে খালি করা হয়। একটি সচেতনতা - বৃদ্ধিমূলক কর্মসূচীর মাধ্যমে সাফাই কর্মীদের সাস্থ্য এবং সমৃদ্ধি উন্নত করতে দ্য ম্যানুয়াল এম্পটিয়ার অ্যাসোশিয়েশন (ABASE,) স্থানীয় সরকার, NGO এবং পরিষেবা প্রদানকারীদের সঙ্গে এক সহযোগে একটি উদ্যোগ চালু করেন। ABASE সাফাই কর্মীদের টীকাকরণে সামিল থাকে এবং ওঁদের সাম্প্রতিকতম সুরক্ষাপ্রদানকারী পোশাক এবং অন্যান্য নিরাপত্তামূলক উপকরণও যোগান দেয়।**



# স্কুলগুলিতে হাত ধোওয়ার কর্মশালা

হাতগুলির মাধ্যমে ভাইরাস, ব্যাক্টেরিয়া, প্যারাসাইট বা অন্যান্য রোগজীবানু শরীরের ভিতরে প্রবেশ করতে পারে ফলে কলেরা, আমাশা, হেপাটাইটিজ এ, কোভিড-19 এবং টাইফয়েড হতে পারে। প্রথম প্রতিরোধ ব্যবস্থাটি হল খুব ভাল করে এবং নিয়মিতভাবে সাবান এবং জল দিয়ে হাত ধোওয়া। সঠিক পরিচ্ছন্নতা রক্ষার গুরুত্বের ব্যাপারে স্কুল পড়ুয়াদের শিক্ষা দেওয়াটাই একমাত্র গুরুত্বপূর্ণ নয়, এই শিক্ষাটিকে বাড়িতে ওদের বাবা মায়ের কাছে বহন করার ব্যাপারেও ওরা গুরুত্বপূর্ণ বার্তাবাহক।

1. যে স্কুলে কর্মশালাটি আয়োজিত হবে সেটি চিহ্নিত করুন। স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ, স্কুল এবং অধ্যক্ষের অনুমোদন নিন। কর্মশালার সূচীটি একত্রে নির্ধারিত করুন।

2. কোন কোন বার্তাগুলি কর্মশালার মাধ্যমে প্রেরণ করতে হবে সেগুলি ঠিক করুন, যেমন কখন এবং কিভাবে সাবান এবং জল দিয়ে হাত ধুতে হবে, এবং বাড়িতে স্কুল পড়ুয়ারা কিভাবে তাদের বাবা মায়েদের এতে যুক্ত করবে। শিক্ষা বিষয়ক পোস্টারের পরিকল্পনা করুন এবং স্কুলের হাত ধোয়ার বেসিনের কাছে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে লাগিয়ে দিন।

3. প্রথম কর্মশালাটির আয়োজন করুন; ছোটদের জন্যে উপস্থাপনা এবং অন্য যেকোন ক্রিয়াকর্মের পরিকল্পনা করুন।

4. ভবিষ্যতের কর্মশালার সুবিধার্থে অন্ততপক্ষে দুজন শিক্ষককে প্রশিক্ষণ দিন। ওদের হাত ধোয়ার প্রক্রিয়াটি দেখিয়ে দিন এবং কিভাবে ছেলে মেয়েদের মাধ্যমে তাদের বাবা মায়েদের কাছে এই গুরুত্বপূর্ণ বার্তাগুলি পৌঁছবে। শিক্ষকদের কর্মশালাগুলি আয়োজন করা এবং তা সম্পন্ন করার দায়িত্ব শিক্ষকদের হাতে তুলে দিন।

5. সাবানের ব্র্যান্ড, জল বিতরণ সংস্থাসমূহ, স্থানীয় কর্তৃপক্ষ এবং গণমাধ্যমকে যুক্ত করুন। এর মাধ্যমে অন্যান্য স্কুলগুলিতে একই রকমভাবে কর্মশালা আয়োজন করতে সুবিধা হবে যাতে এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া হিসেবে চালু থাকে।

**কাম্বোডিয়া, ইন্দোনেশিয়া, লাও PDR এবং ফিলিপিন্স এ GIZ দ্বারা নির্মিত ফিট ফর স্কুল কর্মসূচীটির উদ্দেশ্য হল স্কুলগুলিতে সঠিক পরিচ্ছন্নতা উন্নীত করা। সাবান এবং জল দিয়ে নিয়মিত হাত ধোওয়া এই কর্মসূচীটির প্রধাণ অংশ এবং এটির আয়োজকদের দ্বারা করা একটি সাম্প্রতিক সমীক্ষায় দেখা গেছে অন্যান্য স্কুলের পড়ুয়াদের 3 শতাংশের তুলনায় 28 শতাংশ স্কুল পড়ুয়ারা এখন টয়লেটে যাওয়ার পর সাবান দিয়ে হাত ধোয়। সাম্প্রতিক কালে উদ্যোগটি স্কুলের WASH কর্মসূচীগুলির সঙ্গে সমন্বিত করা হয়েছে।**



# ছাদে বৃষ্টির জল সংগ্রহের ব্যবস্থা

চলতে থাকা শহরীকরণ এবং জলবায়ুগত পরিবর্তন এর মিলিত প্রভাবগুলি শহরগুলিতে জলের সংকটের কারণ। বৃষ্টির জল সংগ্রহ ব্যবস্থাটি স্থাপন করা হলে তা বর্তমান জল সংস্থানগুলির পরিপূরক হতে পারে কারণ আবাসিকরা ধোওয়া, মোছা এবং বাগান নির্মান (কিন্তু পান করার জন্যে নয়) এর জন্যে বৃষ্টির জল ব্যবহার করতে পারবেন। সমাজের মধ্যে মিলিত ভাবে ব্যবহার্য স্থান খুঁজে নেওয়া, যেমন বৃষ্টির জল সংগ্রহ ব্যবস্থার জন্যে ছাদকে কাজে লাগালে মালিকানা এবং রক্ষণাবেক্ষণ বজায় থাকবে এবং সমাজটির মধ্যে সংহতি বৃদ্ধি হবে।

1. স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলুন; ন বিদ্যমান বৃষ্টির জল সংগ্রহ ব্যবস্থা কিভাবে কাজ করে তা দেখতে একটি সাক্ষাতের আয়োজন করুন।

2. জলের সম্ভাব্য মাত্রাটি হিসেব করে দেখে নিন যা বিভিন্ন জলগ্রহণের অঞ্চল থেকে সংগ্রহ করা যেতে পারে এই সূত্রটি ব্যবহারের মাধ্যমে: সংগৃহীত জলের মোট মাত্রা = ক্ষেত্র × অতিরিক্ত গুণাঙ্ক × বৃষ্টি। অতিরিক্ত গুণাঙ্কটি জলগ্রহণের অঞ্চলের পৃষ্ঠতলের ওপর নির্ভরশীল (যেমন ছাদের ক্ষেত্রে এটি 0.75–0.95)।


3. জলগ্রহণ এর অঞ্চলটি নির্বাচন করুন যেখানে বৃষ্টির জল সংগৃহীত হবে। সমাজভিত্তিক স্থানগুলির মধ্যে রয়েছে স্কুল, সরকারী বিল্ডিং এবং পুজোর স্থান। সঠিক অবস্থানটি খুঁজে বের করতে সমাজের সদস্যদের যুক্ত করুন।

4. ব্যবস্থাপনাটির পরিকল্পনাটির ব্যাপারে সমাজের সদস্যদের সঙ্গে আলোচনা করুন; যেমন সাইটের সম্ভাব্যতার ওপর নির্ভর করে ভূগর্ভস্থ জল সংরক্ষণের ট্যাঙ্ক থাকবে নাকি পূর্ব নির্মিত স্টীলের জলের ট্যাঙ্ক থাকবে। চলতি নিয়ম অনুযায়ী, লভ্য বার্ষিক বৃষ্টিপাতের 5 শতাংশ সংরক্ষণ ট্যাঙ্কের আকার হিসেব করার জন্যে একটি উত্তম সূচনা বিন্দু।

5. স্থানীয় প্রযুক্তি এবং উপকরণ ব্যবহারের মাধ্যমে বৃষ্টির জল সংরক্ষণ ব্যবস্থাটি নির্মাণ করুন। উপকরণগুলি যোগাড় করতে এবং সংযুক্ত করতে সমাজের সঠিক দক্ষতা সম্পন্ন সদস্যদের যুক্ত করে খরচ ন্যুনতম রাখুন।

6. সমাজের সদস্যদের মধ্যে কাজ এবং রক্ষণাবেক্ষণের ব্যাপারে সম্মত হন এবং তা ধার্য করুন।

**শ্রীলঙ্কার সরকার এবং UNDP-র সঙ্গে খুব কাছ থেকে কাজ করার সুবাদে শ্রীলঙ্কা রেড ক্রস সোসাইটি ক্লাইমেট রেজিলিয়েন্ট ইন্টিগ্রেটেড ওয়াটার ম্যানেজমেন্ট প্রোজেক্ট রূপায়িত করছে। পরিবর্তনশীল জলবায়ুতে দেশের শুষ্ক অঞ্চলগুলিতে জলের নিরাপত্তা বৃদ্ধির জন্যে বৃষ্টির জল সংগ্রহের ব্যবস্থা করা হচ্ছে। ন্যাশনাল সোসাইটির প্রথম গুরুত্বপূর্ণ ধাপটি ছিল এই ব্যবস্থাপনাগুলিকে গ্রহণ করার ব্যাপারে পরিবারগুলিকে সংহত করা; এবং এখনো পর্যন্ত প্রকল্পটি কুরুনেগালা শহরের 542টি পরিবার এর থেকে উপকৃত হয়েছে।**



# গ্লোবাল লিঙ্ক

মানুষের স্বাস্থ্য এবং কল্যানের মূলে রয়েছে WASH। WASH-সম্পর্কিত কার্যক্রমগুলি শহরের জলবায়ুগত-স্থিতিস্থাপকতায় অবদান রাখে।

এই মডিউল এর অর্ন্তগত ক্রিয়াকর্মগুলি বিভিন্ন বিশ্বব্যাপী নীতি এবং প্রক্রিয়াগুলির সঙ্গে জুড়ে রয়েছে। যেমন উৎসস্থানে বর্জ্যের পৃথকীকরণ পুণঃপ্রক্রিয়াজাতকরণ প্রক্রিয়াটিকে উন্নীত করে এবং শহরের চক্র অর্থব্যবস্থায় অবদান রাখে যা কিনা 3R নীতিসমূহ - রিডিউজ (হ্রাস করা), রিইউজ (পুনর্ব্যবহার করা) এবং রিসাইকেল (পুনঃপ্রক্রিয়াজাত করা) এর মাধ্যমে সংস্থানগুলিকে সর্বাধিক উপযোগী করে তুলতে চায়।

স্বাস্থ্য, নিরাপত্তা, এবং শহরের সাফাই কর্মীদের পরিচ্ছন্নতার বিষয়ে পদক্ষেপ গ্রহণ এর ফলে পেশাদারী স্বাস্থ্য এবং নিরাপত্তা প্রেক্ষিতে তাঁদের মৌলিক অধিকারগুলিকে সুনিশ্চিত হয়। খুব ভালভাবে এবং নিয়মিত সাবান এবং জল দিয়ে হাত ধোওয়া সহজ একটি পদক্ষেপ যা প্রত্যেকেই ব্যাক্টেরিয়া এবং ভাইরাস বাহিত সংক্রমণ যেমন কোভিড-19 এর হাত থেকে নিজেদের সুরক্ষিত রাখতে নিতে পারে। এবং সমন্বিত এবং বিকেন্দ্রীভূত জল সংস্থানগুলির ব্যবস্থাপনার অংশ হিসেবে বৃষ্টির জল সংগ্রহ ব্যবস্থা বিদ্যমান জল সম্পদের পরিপূরক হতে পারে।

WASH এর অর্ন্তগত পদক্ষেপগুলি নিম্নলিখিত দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যে অবদান রাখে: SDG 11 দীর্ঘস্থায়ী শহর এবং সমাজসমূহ; SDG 6 স্বচ্ছ জল এবং সাফাই; SDG 13 জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ; SDG 3 সুস্বাস্থ্য এবং কল্যান; SDG 12 দায়িত্বশীল ব্যয় এবং উৎপাদন; SDG 1 সব উপায়ে সব জায়গায় দারিদ্য দূরীকরণ;এবং SDG 8 শালীন কাজ এবং আর্থিক বৃদ্ধি।



# প্রকৃতি-ভিত্তিক সমাধান

প্রকৃতি-ভিত্তিক সমাধান/নেচার-বেসড সলিউশনস (NbS) হল এমন কিছু পদক্ষেপ যা সামাজিক সমস্যাগুলির মোকাবিলায় সহায়তা করতে প্রকৃতি নিয়ে কাজ করে এবং তা উন্নত করে। সেগুলি প্রাকৃতিকভাবে সৃষ্ট পরিবেশ হতে পারে বা পরিকল্পনা করা এবং নির্মাণ করা স্থানও হতে পারে যা মানব কল্যানে সহায়তা করতে প্রকৃতিগত প্রক্রিয়াগুলিকে কাজে লাগায়। এর মধ্যে রয়েছে জলাভূমি এবং জঙ্গল (বাস্তুতন্ত্র) থেকে শুরু করে কৃত্রিম বর্ষাজলের বাগান এবং নীল ও সবুজ ছাদ বা দেওয়াল।

কোন একটি স্থানের সদ্ব্যবহার এর উদ্দেশ্য হল একাধিক পরিষেবা এবং সুবিধা প্রদান করা - বিশেষ করে শহরে লভ্য সীমিত স্থানের কথা যখন উঠে আসে। NbS এটি বিভিন্নভাবে অর্জন করে থাকে, যেমন বন্যা এবং খরার বিরুদ্ধে সুরক্ষাপ্রদান; শহুরে তাপ হ্রাস; বাতাসের গুণমানের উন্নতিকরণ; এবং স্বাস্থ্যসেবার ব্যয় হ্রাস। একইসঙ্গে, এগুলি শহরের শোভা বৃদ্ধি করে, সামাজিক সংহতি বৃদ্ধি করে, এবং শূণ্য কার্বন নিঃসরণ সম্ভব করে, যেমন গণ ব্যবহার্য পার্কের মধ্য দিয়ে হাঁটা এবং সাইকেল চালানোর পথ চালু করা। NbS পারিপার্শ্বিক ভূসম্পত্তির মূল্য এবং সংশ্লিষ্ট (স্থানীয়) সরকারী কর থেকে উৎপন্ন আয় বৃদ্ধি করতে পারে।

শহর ব্যাপী এবং রাস্তা এবং পারিবারিক স্তর পর্যন্ত, মানুষ এবং প্রকৃতির জন্যে NbS নিরাপদ, স্বাস্থ্যকর এবং উপভোগ্য জীবনযাপনের পরিস্থিতি তৈরী করতে পারে।



# অপারেশন স্টোনব্রেকার

অপারেশন স্টোনব্রেকার এমন একটি প্রচারাভিযান যেটি আপনি আপনার শহর বা এলাকায় আয়োজন করতে পারেন। এটি ফুটপাতের অনাবশ্যক পাথরের স্ল্যাব, কনক্রিটের টালি বা ডামাল (অ্যাসফল্ট) এর পৃষ্ঠতলগুলির পরিবর্তে সবুজ উদ্ভিদরাজি এবং গাছ বসানো টুকরো ভূখণ্ডের ওপর জোর দিয়েছে। এটি বৃষ্টির জল নিষ্কাশন, অতিরিক্ত তাপ এবং বায়ু দূষণ হ্রাস করতে পারে, এবং জীববৈচিত্র্য, ক্ষুদ্র আবাসস্থল, ছায়া, (ওষধি) ভেশজ বা ক্ষুদ্র ফসলের জন্যে জন্যে স্থান বৃদ্ধি করতে পারে।


1. বিজেতাদের খুঁজতে – বিশেষ করে যুববৃন্দদের – কাজটিতে যোগদান করার জন্যে স্কুল এবং বৃহত্তর সম্প্রদায়ে সামাজিক মাধ্যম মারফৎ প্রচারাভিযান শুরু করুন।
2. রাস্তা বাধানোর পাথরের স্ল্যাব, কংক্রিটের টালি বা অ্যাসফল্টের পৃষ্ঠতল উৎপাটিত করার আগে বাগান তৈরীর জন্যে প্রথম স্থান(গুলি) চিহ্নিত করুন এবং প্রয়োজনীয় অনুমতি নিন এবং তার বদলে স্থানীয় এবং ফলের গাছ, ফুল এবং ভেষজ উদ্ভিদ লাগান। সামাজিক মাধ্যমে প্রচারাভিযান করুন। মনে করে প্রয়োজনীয় নিরাপত্তামূলক সতর্কতা অবলম্বন করুন এবং সঠিকভাবে বর্জ্য পদার্থগুলি ফেলে দিন।
3. স্থানীয় পরিবারগুলির বাড়ির চারপাশের 'পাথর ভাঙা'য় সমর্থন যুগিয়ে প্রচারাভযানটি শুরু করুন। পার্কিং এর স্থান বা খেলার মাঠে 'গাছ' লাগানোর ব্যাপারে স্কুল এবং পাবলিক বিল্ডিংগুলিকে উৎসাহিত করুন। সমাজের অর্ন্তভুক্ত স্থান এবং রূপান্তরযোগ্য গলিগুলি সনাক্ত করতে স্থানীয় শাসন ব্যবস্থাটিকেও নিযুক্ত করুন।
4. অনুষ্ঠান এবং বিজ্ঞাপনী উদ্যোগের মাধ্যমে বৃহত্তর পদক্ষেপ নিতে অনুপ্রাণিত করুন। যেমন, কোন কোম্পানির কাছ থেকে স্থানীয় স্কুলগুলির জন্যে গাছ চেয়ে নেওয়া; অথবা প্রথম 100 মিটার রাস্তা বাধানোর পাথর, কনক্রিটের টালি বা অ্যাসফল্ট সরানোর জন্যে বা গাছ লাগানোর জন্যে সেটি উদযাপন করা।
5. এই প্রচারাভিযানের পরিনাম স্বরূপ তাপ এবং অতিরিক্ত বৃষ্টির জল হ্রাস এবং জীববৈচিত্র্য এবং বাতাসের গুণমানের উন্নতি নথিভুক্ত করে রাখার জন্যে বিশ্ববিদ্যালয়গুলির সঙ্গে কাজ করুন। স্থানগুলি পরিদর্শন করার জন্যে নেতৃস্থানীয় ব্যক্তিদের আমন্ত্রণ জানান।

**নেদারল্যান্ডস এর শহুরে স্থানগুলিকে 'সবুজ' করে তুলতে প্রচারাভিযানটির নাম অপারেটি স্টীনব্রীক। 150 এর বেশি অংশীদার এর মধ্যে যুক্ত রয়েছে যার মধ্যে অর্ন্তভুক্ত প্রদেশ, পৌরসভা, জল বোর্ড, আবাস নিগম, NGO এবং কোম্পানিসমূহ। ব্যক্তিগত এবং জনস্থানগুলিতে অপ্রয়োজনীয় ফুটপাথগুলি বদলে তার জায়গায় স্থানীয় আবাসিকবৃন্দ এবং ব্যবসাগুলির সঙ্গে সহযোগিতায় বৈচিত্রময় শ্যামলিমা নিয়ে আসা হল প্রচারাভিযানটির লক্ষ্য। এর ফলে শহরগুলির জলবায়ুগত পরিবর্তন এর সঙ্গে খাপ খেতে সুবিধে হবে, অতিরিক্ত তাপ হ্রাস হবে, জীববৈচিত্র্য উন্নত হবে এবং নাগরিকদের কল্যাণ বৃদ্ধি হবে। আরো তথ্যের জন্যে ভিজিট করুন: www.steenbreek.nl**



# সমাজের সংরক্ষণ কার্যে মানুষকে একজোট করা

সমাজেকে একজোট করে প্রাকৃতিক সংরক্ষণ করলে শহরে ইতিবাচক প্রভাব পড়ে এক দুর্দান্তভাবে। কাজের মধ্যে অর্ন্তভুক্ত পার্ক বা লেকের চারদিকের আবর্জনা পরিষ্কার; বৃক্ষ রোপণ; জলের রুদ্ধ জলপথগুলি পুণরায় খোলা; বা উন্নয়নের ক্ষেত্রে বিপন্ন শহরের প্রকৃতির সুরক্ষার ব্যাপারে দাবী জানিয়ে প্রদর্শন।



1. প্রকৃতি কোথায় বিপন্ন তা জানতে সমাজের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করুন। স্থানীয় পরিবেশগত এবং সামাজিক বিকাশের সঙ্গে যুক্ত NGO এবং সমাজ-ভিত্তিক সংস্থাগুলিকে যুক্ত করুন যারা সমর্থন যোগাতে আগ্রহী। সম্মিলিত উদ্দেশ্যগুলির ব্যাপারে সহমত হন এবং (সামাজিক) মাধ্যম, উপকরণাদি এবং মানুষকে একত্রিতকরণের কাজের জন্যে সমন্বয়সাধণকারী(দের) নিয়োগ করুন।

2. অংশগ্রহণকারীদের উপস্থিতির ওপর নির্ভর করে একটি দিন ঠিক করুন যেদিন গণমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করা যাবে এবং অন্যান্য বড় আকারের স্থানীয় অনুষ্ঠানের সঙ্গে বিরোধ ঘটবে না। প্রয়োজনীয় বিষয়গুলির সূচী তৈরী করুন এবং যৌথ দলটির মধ্যে কাজগুলি ভাগ করে দিন। সমাজের মধ্যে এবং অনলাইন মারফৎ ফ্লায়ারগুলি ভাগ করে দিন।

3. যৌথ দলের সদস্যদের সঙ্গে স্থানটি পরিদর্শন করার মাধ্যমে শুরু করে কাজের দিনটির পরিকল্পনা করে নিন। ওদের সাহায্য নিয়ে, ভেবে নিন কোন কোন সম্ভাব্য সমস্যাগুলি অনুষ্ঠানটিকে বিঘ্নিত করতে পারে (যেমন আবহাওয়া, যানজট, পরিবহন ধর্মঘট)। তা প্রশমিত করার পদক্ষেপ নিন।

4. কাজটি রূপায়িত করুন এবং সামাজিক মাধ্যমে আপডেট পোস্ট করুন। কাজটির যদি আবার করতে হয়, কে নেতৃত্ব দেবেন সে ব্যাপারে সম্মত হন এবং উপকরণাদি রাখুন/ সরবরাহ করুন ইত্যাদি।

পানামার, পানামা সিটিতে ওয়েটল্যান্ডস ইন্টারন্যাশনাল - একটি বিশ্বব্যাপী সংস্থা যারা মানুষ এবং জীববৈচিত্র্য রক্ষার্থে জলাভূমি এবং সেগুলির সংস্থানগুলির নিরবচ্ছিন্নতা বজায় এবং পুনরুদ্ধার এর কাজে নিযুক্ত-তারা জুয়ান ডায়াজ এর আশেপাশের জলাভূমিগুলিতে একাধিক পরিষ্করণের কাজে অ্যাসোসিয়েশন অফ কমিউনিটিজের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে। অ্যাসোশিয়েশনটি স্থানীয় সমাজকে একত্রিত করে এবং স্থানটি নির্বাচিত করে, ওয়েটল্যান্ডস ইন্টারন্যাশনাল সরঞ্জাম সরবরাহ করে এবং বৃহত্তর সমর্থন সংগ্রহ করে। একত্রে তারা পানামা বে-এর উপকূলের ঝোঁপঝাড় কাটে এবং পাড়ার বন্যা কবলিত নর্দমাগুলি পরিষ্কার করে। এর পরে সরঞ্জামগুলি সমাজকে দান করা হয় যাতে ভবিষ্যতে এটি কাজটি আবার করতে পারে।



# বর্ষাজলের বাগান

রেনওয়াটার বাগানগুলি অতিরিক্ত বৃষ্টির জল সংগ্রহ, শোষণ এবং পরিস্রুত করে এবং বাড়িতে বা বানিজ্যিক/শিল্প ইউনিটগুলিতে স্থাপিত করা যায়। বর্ষাজলের বাগানগুলি বন্যা এবং খরা প্রতিরোধে সাহায্য করে কারণ সেগুলি শহরের জল নিকাশী ব্যবস্থার ওপর চাপ কমায় এবং মাটির নীচের জলের স্তর বৃদ্ধি করে। এগুলি জীববৈচিত্র্যের জন্যে ক্ষুদ্র আবাসস্থল হয়ে উঠতে পারে এবং নির্মিত পরিবেশের শোভা বর্ধণ করে।

1. একটি রেনওয়াটার বাগানকে কোন ভূসম্পত্তির সর্বনিম্ন পয়েন্টে তৈরী করতে হবে; বিল্ডিং এর ভিত থেকে অন্তত্পক্ষে 2.5 দূরে; এবং যাবতীয় গণ উপযোগিতামূলক (পাবলিক ইউটিলিটি) লাইনগুলি এড়িয়ে চলতে হবে। যাতে প্রকৃতিজাত দেখতে লাগে, বর্ষাজলের বাগানগুলি সাধারণতঃ গোল বা বক্রাকৃতি হয় এবং এর মাপ অন্তত্পক্ষে 2–3 মিটার$^2$। আদর্শগতভাবে, একটি বর্ষাজলের বাগান মোট এলাকার 20 শতাংশ জুড়ে থাকে যেটির মধ্যে সব জল গিয়ে জমা হয়।

2. যেকোন রাস্তা বাধানোর পাথর, কনক্রিটের টালি বা অ্যাস্ফল্টের পৃষ্ঠতল এবং আগাছা সরিয়ে দিন। এর পরে বর্ষাজলের বাগানের সারি ধরে মাটিতে 15–30 সেন্টিমিটার গর্ত খুঁড়ুন। এগুলি খুঁড়ে তোলা মাটি জড়ো করুন, যাতে ঢালু তৈরী হয় এবং প্রান্তগুলি গোলাকার হয়।

3. ছাদ থেকে নিচে আসা পাইপগুলি ঘুরিয়ে দিন যাতে অতিরিক্ত বৃষ্টির জল মুখ্য নালীতে গিয়ে পড়ে। পরিস্রাবনের জন্যে নুড়ি পাথর,পাথর বা কাঁকরকে বর্ষাজলের বাগানের উপরিস্তর হিসেবে ব্যবহার করুন

4. বর্ষাজলের বাগানে স্থানীয় বহুবর্ষজীবী গাছ, ফুল এবং গুল্ম লাগান। এমন সব প্রজাতি নির্বাচন করুন যাতে পরাগ সংযোগকারীরা (মউমাছি, প্রজাপতি) এবং মশার শিকারীরা (ড্র্যাগনফ্লাই) আকৃষ্ট হয়। আপনার বর্ষাজলের বাগানে সঠিক ধরণের গাছগুলি চিনে নিতে কোন বিশেষজ্ঞের সঙ্গে আলোচনা করুন। পরিনত গাছগুলির আকার এবং তাদের অবস্থানগুলি বিবেচনা করুন।

5. আগাছা সরিয়ে বা বুজে যাওয়া বন্ধ করতে ঘন ঘন রেনওয়াটার বাগানটির রক্ষণাবেক্ষণ করুন।

**স্কুলের অঙ্গনে রেনওয়াটার বাগান স্থাপন করতে সিঙ্গাপুরের অ্যাকটিভ, বিউটিফুল, ক্লিন ওয়াটার্স প্রোগ্রামটি খুব ঘনিষ্ঠভাবে স্কুলগুলির সঙ্গে কাজ করে। বাগানগুলি অতিরিক্ত সর্বোচ্চ বৃষ্টির জল হ্রাস করে এবং জলের গুণমান উন্নত করে এবং তার পাশাপাশি জীববৈচিত্র্য বৃদ্ধি করে এবং পরিবেশগত এবং জল বিষয়ক শিক্ষা প্রদানের জন্যে বহিরঙ্গন শ্রেণীকক্ষ হিসেবে কাজ করে।**



# পাড়ার ওয়াদিসমূহ

ওয়াদি হল একটি মৌসুমি জলাভূমি যেগুলি বর্ষাকালে বা বৃষ্টির মরসুমে বৃষ্টির জলে ভরে যায়। যদিও এগুলির উৎস গ্রামে (ওয়াদিগুলি সাধারণতঃ আফ্রিকা এবং আরবের মরুভূমিতে অবস্থিত) এগুলিকে শহরে প্রকৃতি-ভিত্তিক সমাধান হিসেবে গ্রহণ করা হয়েছে যাতে অত্যধিক বর্ষার জল শহরের নিকাশী ব্যবস্থায় প্রবেশ করে শহরটিকে জলমগ্ন করে তুলতে না পারে। এই ছোট আকারের বাস্তুতন্ত্রগুলি বিনোদনমূলক পরিষেবাও দিয়ে থাকে এবং শহুরে কৃষিকে সহায়তা করে।

1. আপনার এলাকায় এমন একটি স্থান বেছে নিন যেটি ঘন ঘন জলমগ্ন হয়। জমির মালিকানা কার এবং স্থানীয় যোজনা সংক্রান্ত বিধি নিয়মগুলির ব্যাপারে জেনে নিন। আপনার প্রকল্পটির জন্যে স্থানীয় সরকারের থেকে আর্থিক সহায়তা পাওয়া সম্ভব কিনা দেখুন।

2. সমাজের সেই সব সদস্যদের চিহ্নিত করুন যারা ডিজাইন, জীববৈচিত্র্য এবং বিনোদন ক্ষেত্রে অভিজ্ঞ। দক্ষতা সংক্রান্ত কোন ঘাটতির ক্ষেত্রে সরকারী সংস্থাসমূহ বা কোম্পানি বিনা মূল্যে বা কম খরচে সাহায্য করতে পারে। ওয়াদির আকার, আকৃতি এবং ধারণক্ষমতা নির্ধারণ করতে পৌরনিগমের যোজনাকারীদের যুক্ত করুন। সব কাঠামো সহ ওয়াদিটি তৈরী করুন যার মধ্যে রয়েছে রাস্তা, বেঞ্চ, বিন এবং খেলাধূলার সরঞ্জাম।

3. ওয়াদি নির্মান করার জন্যে ফুটপাথ এবং মাটি খুঁড়তে সমাজের সাহায্য নিন। খুঁড়ে তোলা মাটি দিয়ে খেলার মাঠটি উঁচু করুন। মুখ্য নালাতে যাতে উপচে পড়া বৃষ্টির জল প্রবেশ করতে পারে তার জন্যে একটি নির্গমন পথের ব্যবস্থা করুন। জলের গতি হ্রাস করতে এবং গাছপালাগুলির ধুয়ে বেরিয়ে যাওয়া প্রতিরোধ করতে জলের প্রবেশ ও প্রস্থান পথে পাথরের চাঁই রাখুন।

4. ওয়াদির চারপাশে বিভিন্ন ধরণের স্থানীয় জল-প্রতিরোধক এবং মজবুত শিকড়যুক্ত প্রজাতির গাছ লাগান। অন্যান্য সুবিধাগুলির ব্যবস্থাও করুন (যেমন রাস্তা, বেঞ্চ, বিন, খেলার মাঠ, সরঞ্জাম, সৌর-শক্তিচালিত রাস্তার আলো এবং একটি বোর্ড বা স্পনসরদের তালিকা উল্লিখিত ফলক।

5. সমাজের নেতৃস্থানীয় ব্যক্তি এবং স্থানীয় গণমাধ্যমকে আমন্ত্রণ জানিয়ে একটি উদ্বোধনী অনুষ্ঠান এর আয়োজন করুন। ওয়াদির রক্ষণাবেক্ষণের জন্যে কোন গোষ্ঠী বা সংস্থা দায়িত্ব গ্রহণ করবে সে ব্যাপারে সম্মত হন।

**অ্যামস্টারডাম রেনপ্রুফ এর উদ্দেশ্য হল এমন একটি শহর নির্মান করা যেটি অতিরিক্ত বৃষ্টি সহন করতে পারে। স্ট্যাডস্টুইন ওভারটুমে নতুন এলাকা উন্নয়নের অংশ হিসেবে প্রকল্পটির অধীণে সম্প্রতি অনেকগুলি ওয়াদি নির্মিত হয়; জল সংরক্ষণ, অনুপ্রবেশ এবং গুণমান এবং জীববৈচিত্র্য উন্নত করা হয়; ওয়াদিগুলিকে একাধিক ভাল কাজে ব্যবহার করা হয়।**


BUS

# নীল এবং সবুজ করিডোর

নীল এবং সবুজ করিডোর হল বিভিন্ন প্রকৃতি-ভিত্তিক সমাধানের মেলবন্ধন যেমন বায়োসোয়েলস (উদ্ভিদ সমৃদ্ধ জল নিকাশী ব্যবস্থা) স্রোতস্বিনী, পার্ক, সারিবদ্ধ গাছ লাগানো রাস্তা এবং রেনওয়াটার বাগান এবং নীল ও সবুজ দেওয়াল, ছাদ এবং ফুটপাথ। একসঙ্গে মিলিয়ে এই ব্যবস্থাগুলির জন্যে একটি নেটওয়ার্ক সৃষ্টি হয় যে কারণে অতিরিক্ত জল বয়ে যেতে পারে, জীববৈচিত্র সমৃদ্ধি লাভ করতে পারে এবং মানুষজন আরাম করতে পারেন হাঁটতে পারেন বা সাইকেল চালাতে পারেন। দেখা গেছে এই নেটওয়ার্কগুলি জলবায়ুগত স্থিতিস্থাপকতার পাশাপাশি শহরের বাসযোগ্যতা বৃদ্ধি করে।

1. বর্তমান প্রকৃতি-ভিত্তিক সমাধান যেমন পার্ক, শহুরে জলাভূমি, শ্যামলিমায় ভরা ছাদ এবং সারিবদ্ধ গাছ লাগানো রাস্তাগুলির অবস্থার মূল্যায়ণ করুন। একটি মানচিত্রে ওগুলিকে চিহ্নিত করুন এবং গুরুত্বপূর্ণ প্রসঙ্গগুলি যোগ করুন যেমন বন্যা কবলিত অঞ্চল, শহুরে উত্তাপ এবং জীববৈচিত্র।


2. বাদ পড়ে যাওয়া সংযোগগুলি বিশ্লেষণ করতে মানচিত্রটির বিশ্লেষণ করুন যা অতিরিক্ত জল বয়ে যেতে দেবে, জীববৈচিত্র্য সমৃদ্ধ হবে এবং মানুষ আরাম করতে পারবে, হাঁটাহাটি করতে পারবে বা সাইকেল চালাতে পারবে। সংযোগগুলি প্রতিষ্ঠিত করতে যে পদক্ষেপগুলি গ্রহণের প্রয়োজন তা দেখতে এই স্থানগুলিতে মুখ্য অংশীদারদের সঙ্গে ভিজিট করুন।

3. একটি সু-সংযুক্ত নেটওয়ার্ক গঠন করুন। এরপরে প্রতিটি প্রকৃতি-ভিত্তিক সমাধানের জন্যে, ব্যক্তির অংশগ্রহণ নির্ধারণ করুন এবং সুবিধাগুলির ছক তৈরী করুন। অগ্রাধিকারের ভিত্তিতে প্রকল্পগুলি সাজান এবং প্রয়োজনীয় অনুমতি নিয়ে নিন।

4. কম ব্যয়-সাপেক্ষ পদক্ষেপগুলি দিয়ে শুরু করুন যা দ্রুত সংযোগ রচনা করতে পারে এবং যা সহজে রূপায়িত করা যায়, যেমন ঝুলন্ত গাছ দিয়ে দেওয়ালগুলিকে আবৃত করা; বাসস্টেপ সবুজ শ্যামলিমা সমৃদ্ধ ছাদ স্থাপন করা।

5. স্থানীয় আবাসিকদের যুক্ত হতে এবং আরো বেশি উচ্চাভিলাষী প্রকল্পের দায়িত্ব নিতে উৎসাহিত করুন। প্রতিটি স্থানে একটি তথ্য উল্লেখ করা বোর্ড বা ফলক স্থাপনের কথা বিবেচনা করুন যাতে দর্শনার্থীরা করিডোর উদ্যোগটি নিয়ে আরো অনেক কিছু জানতে পারে।

**ছোট নদী, পাহাড়, পার্ক এবং রাস্তার সংযোগস্থল সহ 12টি স্থানকে সংযুক্ত করতে দ্য মেডেলিন গ্রীন করিডোর প্রোজেক্টটিতে বৃক্ষ এবং গুল্ম (তাল গাছ সহ) রোপণের কাজ হয়। কলম্বিয়ার দ্বিতীয় বৃহত্তম শহরে উদ্যোগটি স্থানীয় তাপমাত্রা 2° সেন্টিগ্রেড কমাতে, শহুরে উত্তাপ কমাতে এবং ক্ষুদ্র কণাগুলিকে আঁটকে রেখে বাতাসের গুণগত মান উন্নত করতে সাহায্য করেছে।**




# গ্লোবাল লিঙ্ক

প্রকৃতি-ভিত্তিক সমাধানগুলি শহরের স্থিতিস্থাপকতায় উন্নতিকরণ এবং জলবায়ুগত পরিবর্তনে অভিযোজনের ক্ষেত্রে কার্যকরী উপায়সমূহ। সুবিধাগুলির মধ্যে অর্ন্তভুক্ত জল নিরাপত্তা (বন্যা প্রতিরোধ) এবং সুরক্ষা (সরবরাহ), খাদ্য নিরাপত্তা এবং তাপপ্রবাহ চলাকালীন শহরটিকে শীতল করে দেওয়ার মাধ্যমে স্বাস্থ্যের উন্নতি, বাতাসের গুণমানে উন্নতিকরণ এবং বিনোদনের জন্যে স্থান নির্ধারণ।

এই কাজগুলি প্রত্যক্ষভাবে দীর্ঘস্থায়ী উন্নয়নের লক্ষ্যের সঙ্গে যুক্ত (SDG)11: “শহর এবং মানব বসতিগুলিকে সর্বব্যাপী, নিরাপদ, সহনশীল এবং দীর্ঘস্থায়ী করুন”, এবং বিশেষ করে লক্ষ্য 11.7 –এ অবদান রাখা: “বিশেষ করে মহিলা ও শিশু, বয়স্ক মানুষ এবং বিকলাঙ্গ মানুষদের নিরাপদ, অর্ন্তভুক্তিমূলক এবং সুলভ, সবুজ শ্যামলিমা সমৃদ্ধ স্থান এবং জন স্থানে সর্বব্যাপী অবারিত যাতায়াত সম্ভব করে তোলা”। ওরা SDG 13-এও অবদান রাখে: “জলবায়ুগত পরিবর্তন এবং সেটির প্রভাব” এর বিরুদ্ধে লড়তে জরুরী পদক্ষেপ নেওয়া এবং বিশেষ করে লক্ষ্য 13.1: “সব দেশে জলবায়ু-সম্পর্কিত ঝুঁকি এবং প্রাকৃতিক দুর্যোগে স্থিতিস্থাপকতা এবং অভিযোজনের ক্ষমতা জোরালো করে তোলা”। তাছাড়া এগুলি SDG 15 এ অবদান রাখে, বিশেষ করে লক্ষ্য 15.9-এর জন্যে: “বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্যের মূল্যগুলিকে জাতীয় এবং স্থানীয় যোজনায় সমন্বিত করা...”।

তাছাড়া, এই কর্মকান্ডগুলি 2015 সালের প্যারিস এগ্রিমেন্ট এবং সংযুক্ত ন্যাশনালি ডিটারমিন্ড কন্ট্রিবিউশন্স, দ্য কনভেনশন অন বায়োলজিকাল ডাইভারসিটিজ অ্যালচি টার্গেটস, দ্য রামসার কনভেনশন এবং সেন্ডাই ফ্রেমওয়ার্ক ফর ডিসাস্টার রিস্ক রিডাকশন-এ অবদান রেখেছে।


স্থানীয় সরকার এবং জাতীয় মন্ত্রক স্থানীয় এবং জাতীয় বাজেট থেকে প্রকৃতি-ভিত্তিক সমাধানগুলিকে অর্থ সাহায্য করতে ঠেকে। বিকল্প হিসেবে (আর্ন্তজাতিক) NGO-গুলি অ-প্রাতিষ্ঠানিক দাতাদের খুঁজে বের করতে সহায়তা করতে পারে। বৃহত্তর প্রকল্পের প্রস্তাবগুলি জাতীয় মন্ত্রক এর মাধ্যমে রাষ্ট্রসংঘ (যেমন UNEP বা UNDP) এবং সংক্রান্ত আর্থিক প্রতিষ্ঠান যেমন বিশ্বব্যাঙ্ক বা আঞ্চলিক উন্নয়ন ব্যাঙ্ক এর কাছে কাছে পৌঁছনো যেতে পারে।



# বাসযোগ্য শহরসমূহ

দ্রুত শহরীকরণ পরিবেশ এবং নাগরিকদের স্বাস্থ্যে এবং কল্যানের ওপর অধিক পরিমানে চাপ সৃষ্টি করতে পারে। ফলে, 'বাসযোগ্যতা' শহর পরিকল্পনা, উন্নয়ন এবং নীতি-নির্ধারণ এর পক্ষে একটি গুরুত্বপূর্ণ উপাদান হয়ে উঠেছে। নাগরিকের কল্যান উন্নত করতে এবং শহরের পরিবেশগত প্রভাবগুলি হ্রাস করতে বাসযোগ্যতার ধারণাটি শহর ব্যবস্থা এবং বিল্ডিং এর মধ্যে সমন্বিত করা যেতে পারে।

'বাসযোগ্য' শহরের কোন একটি সংজ্ঞা হয়না; সাধারণ নীতিগুলির মধ্যে অর্ন্তভুক্ত পরিষ্কার বাতাস, সবুজ শ্যামলিমা সমৃদ্ধ স্থান এবং প্রকৃতি, সামর্থ্যের মধ্যে আবাসন, নিরাপত্তা, সমাজের মধ্যে সংহতি, পরিষ্কার জল এবং সাধ্যের মধ্যে, উচ্চ-গুণমানের স্বাস্থ্য পরিচর্যা। একটি বাসযোগ্য শহরের সর্বাধিক অগ্রাধিকারযোগ্য উপাদানগুলির স্থান বিশেষে তারতম্য ঘটে।



# শহুরে স্থানে জায়গা নির্ধারণ (প্লেসমেকিং)

জায়গা নির্ধারণ পরিকল্পনার মাধ্যমে উপেক্ষিত শহুরে স্থানগুলিকে আকর্ষণীয় সার্বজনিক ব্যবহার্য স্থানে রূপান্তর করা যায়। উদাহরণস্বরূপ বলা যায় একটি ব্যস্ত রাস্তায় একটি বেঞ্চ বসানোর মতন সাধারণ একটি কাজ থেকে একটি বড় ফাঁকা জায়গাকে শিশুদের খেলার মাঠে পরিনত করা। একটি সমাজ চালিত বহু-অংশীদারীমূলক প্রক্রিয়া, জায়গা নির্ধারণ পরিকল্পনার সর্বব্যাপী, সৃজনশীল, সহযোগী এবং নমনীয় হয়ে ওঠার মাধ্যমে পারিপার্শ্বিক সমাজকে উপকৃত করে।

1. স্থানটি নির্বাচন করুন – আপনার জায়গা নির্ধারণ পরিকল্পনার প্রকল্পের জন্যে পাড়ায় যেকোন অব্যবহৃত জনব্যবহার্য স্থান বা ফাঁকা বিল্ডিং বেছে নিন।
2. স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় প্রতিশ্রুতি এবং অনুমতি নিয়ে নিন।
3. অন্যান্য গুরুত্বপূর্ণ অংশীদারদের চিহ্নিত করুন যেমন স্থানীয় ব্যবসা এবং বিল্ডিং এর মালিকদের; এবং আপনার প্রকল্পটিতে সংহত করুন উৎসাহিত করুন।
4. প্রকল্প দল হিসেবে স্থানটি পরিদর্শন করুন। প্রাথমিক ভাবনাচিন্তা এবং ডিজাইন বিকাশ করতে আপনি স্থানটিতে একটি কর্মশালারও আয়োজন করতে পারেন।
5. লভ্য সংস্থানের একটি ছক তৈরী করুন – কে সাহায্যের হাত বাড়াবে, ওরা কি অবদান রাখতে পারবে, কোথায় এবং কখন? সেইমতন কল্পিত বিষয়টির সংশোধন করে নিন।
6. আপনার জায়গা নির্ধারণ পরিকল্পনা প্রকল্পটি শুরু করুন – সপ্তাহান্তে শুরু করলে ভাল হয় কারণ বেশি মানুষ পাওয়া যাবে।
7. 2–3 সপ্তাহ পরে আপনার অগ্রগতি আনুষ্ঠানিকভাবে মূল্যায়ন করুন; প্রয়োজনে রূপায়ন সংক্রান্ত পরিকল্পনাটি ঠিকঠাক করে নিন।
8. একবার সম্পূর্ণ হয়ে গেলে জায়গা নির্ধারণ পরিকল্পনা প্রকল্পটিকে চলতি কাজ এবং রক্ষণাবেক্ষণের জন্যে স্থানীয় কর্তৃপক্ষের হাতে তুলে দিন, অথবা দায়ভার গ্রহণ করার জন্যে একটি সমাজ-ভিত্তিক গোষ্ঠী গঠন করুন।

**মোফরা (Mmofra) ফাউন্ডেশন হল ঘানায় অবস্থিত একটি অ-লাভজনক সংস্থা যেটি শিশুদের সাংস্কৃতিক এবং বৌদ্ধিক জীবন সমৃদ্ধ করতে কার্যরত। একটি জায়গা নির্ধারণ পরিকল্পনা প্রকল্পে এটি আকরার জরুলু (Accra's Dzorwulu) এলাকার একটি দুই একর অব্যবহৃত সবুজ জমিকে এমন একটি স্থানে রূপান্তর করার কাজে নিযুক্ত হয় যেখানে শিশুরা আনন্দ করতে এবং খেলতে পারবে। মোফরা প্লেস নামের প্রকল্পটি (আকানে মোফরার অর্থ “শিশু”) আকরার দ্রুত শহরীকরণ প্রক্রিয়া, যুবকদের বিশাল জনসংখ্যা এবং শিশুদের জন্যে নিরাপদ জন ব্যবহার্য স্থানের ঘাটতির প্রতিক্রিয়া হিসেবে শুরু হয়। একটি সমাজ ভিত্তিক দল এখন এটির রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে।**



# পাড়ায় উদযাপিত উৎসবসমূহ

একটি বাসযোগ্য শহরের অন্যতম মুখ্য নির্ধারক হল সুখী এবং স্বাস্থ্যকর সমাজসমূহ। এবং একটি সুখী এবং স্বাস্থ্যকর সমাজের অন্যতম মুখ্য উপাদান হল সামাজিক এবং সাংস্কৃতিক সংহতি। পাড়া-ভিত্তিক উৎসবগুলি বিভিন্ন গোষ্ঠীর মানুষদের বিভিন্ন বিনোদনমূলক কর্মকান্ড এবং সাংস্কৃতিক বিনিময়ের মাধ্যমে একে অপরকে জানা এবং কদর করার একটি দারুন উপায় তার সঙ্গে সমাজভিত্তিক হওয়ার অনুভূতি জাগরিত করে।

1. যেখানে উৎসবটি পালন করতে চান সেই পাড়া চিহ্নিত করুন। স্থানীয় সমাজের মধ্যে ভাবনাটি ছড়িয়ে দিন; প্রত্যেকের উৎসাহ এবং অংশগ্রহণকে উৎসাহিত করুন।
2. মিলিতভাবে উৎসবের পরিকল্পনার একটি রূপরেখা তৈরী করুন যাতে সব সমাজগোষ্ঠীর অংশগ্রহণ সুনিশ্চিত হয়।
3. স্থানীয় কর্তৃপক্ষের কাছে পরিকল্পনাটির রূপরেখা জমা দিন এবং সেটির অনুমতি চান। তাছাড়াও কোন পাড়াভিত্তিক সংগঠনকে যুক্ত করুন।
4. একবার অনুমতি পেয়ে গেলে, একটি ব্যবস্থাপক কমিটি গঠন করুন এবং একটি বিস্তারিত কর্মসূচী নির্ধারণ করুন। উৎসবে নানাবিধ ক্রিয়াকলাপ যোগ করুন যেমন স্টল, খাবার, বিক্রেতা, গানবাজনা, প্রতিযোগিতা, ছোটদের খেলার জায়গা ইত্যাদি।
5. ব্যবস্থাপক কমিটির সদস্যদের দায়িত্ব দিন, অগ্রগতির ব্যাপারে জানাতে নিয়মিত সাক্ষাৎ করুন এবং কার্য পরিকল্পনাটি আপডেট করুন।
6. সামাজিক সম্প্রীতি এবং সংহতির ওপর উৎসবের বার্তা(গুলি) প্রস্তুত করুন। উৎসবটি সামাজিক/স্থানীয় মিডিয়ার মাধ্যমে উৎসবটির প্রচার করুন।
7. কোন সুপ্রশিদ্ধ স্থানীয় আবাসিকের স্বাগত ভাষণ দিয়ে উৎসবটি শুরু করুন।
8. অনুষ্ঠানটির পরে ব্যবস্থাপক দলের সদস্য, স্থানীয় আবাসিকবৃন্দ এবং উৎসব যাত্রীদের কাছ থেকে মতামত নিন যাতে ভবিষ্যতের অনুষ্ঠানগুলির ব্যাপারে জানানো যায়।

**কাম্পালাতে স্ট্রীট এঞ্জেলস উগান্ডা একটি অ-লাভজনক, সমাজ-ভিত্তিক সংস্থা যারা সামাজিক ক্ষমতায়ন এর জন্যে শিল্পকে ব্যবহার করে। 2014 সালে “শিল্পের মাধ্যমে সৃজনশীল দক্ষতা বিকাশের মাধ্যমে বস্তিবাসীদের ক্ষমতাপ্রদানের জন্যে” এটি শহরে একটি ‘বস্তি উৎসব’ এর আয়োজন করে। উৎসবটির লক্ষ্য হল সামাজিক সমর্থন এবং মিথস্ক্রিয়া, সামাজিক নাটক এবং কথপকোথন, শিক্ষা এবং শিক্ষা গ্রহণ, দক্ষতা এবং আর্থিক ক্ষমতায়ন, পরিবেশ সংক্রান্ত সচেতনতা এবং রূপান্তরণ।**


CAR
FREE
DAY

# মোটরগাড়ি-শূন্য দিন

মোটরগাড়ি-শূন্য দিন হল প্রতি মাসে একদিন শহরের নির্দিষ্ট রাস্তাগুলিতে গাড়ি চলাচল বন্ধ রাখার অভ্যাস, যাতে মানুষ সেদিন রাস্তাগুলি সাইকেল চালাতে, দৌড়তে হাঁটতে, আরাম করতে এবং সামাজিকতা ইত্যাদি করতে রাস্তাগুলি ব্যবহার করতে পারে। মোটরগাড়ি-শূন্য দিনগুলি স্বাস্থ্যকর এবং সক্রিয় জীবনযাপনে উৎসাহিত করে, বায়ু দূষণ হ্রাস করে এবং সমাজের মধ্যে সংহতি বৃদ্ধি করে।


1. একটি মোটরগাড়ি-শূন্য দিন সম্ভব করতে প্রয়োজনীয় মুখ্য অংশীদারদের চিহ্নিত করুন, যার মধ্যে অর্ন্তভুক্ত স্থানীয় সরকারী আধিকারিকসমূহ যাদের শহরের রাস্তাগুলি বন্ধ রাখার ক্ষমতা রয়েছে।
2. স্থানীয় আবাসিকদের চলাচল মাথায় রেখে এবং আপৎকালীন পরিষেবার জন্যে প্রধান রুটগুলি খোলা রেখে রাস্তাগুলি নির্বাচন করুন।
3. এই সব দ্রুতগামী ব্যবহারকারীদের জন্যে গাড়ি মুক্ত দিনগুলিতে লম্বা যাতায়াতের পথগুলিতে বেষ্টনী দিয়ে সাইকেল-আরোহী, স্কেটার এবং দৌড়বিদদের জন্যে খুলে রাখার পরিকল্পনা নিন। অন্যান্য কার্যকলাপের জন্যে পৃথক অঞ্চল নির্দিষ্ট করুন যেমন বিনামূল্যের ফিটনেস ক্লাস, অস্থায়ী কাফে এবং শিশুদের খেলার জায়গা (যেমন স্যান্ডপিট বা প্যাডলিং পুল)।
4. স্থানীয় মিডিয়ার মাধ্যমে মোটরগাড়ি-শূন্য দিনটির প্রচার করুন যাতে শহর বাসীরা অংশগ্রহণ করার পরিকল্পনা করতে পারেন এবং মোটর চালকেরা বিকল্প রাস্তা ঠিক করে নিতে পারেন।
5. দিনটিতে পর্যাপ্ত সাইনেজ বোর্ডের ব্যবস্থা রাখুন যাতে পথচারীরা সাইকেল চালানোর রাস্তায় চলে না আসেন বা বিপরীত; মানুষদের পরিচালিত করতে এবং তাদের প্রশ্নের উত্তর দিতে স্বেচ্ছাসেবকদের নিযুক্ত করুন।
6. মানুষজন কিভাবে গাড়ি-মুক্ত দিন উপভোগ করছেন তার ছবি এবং ভিডিও শেয়ার করুন। ব্যবহারকারীরা কতটা সন্তুষ্ট সে ব্যাপারে একটি সমীক্ষা চালান; এটি শহরে নিয়মিতভাবে আয়োজন করা যাবে কিনা তা ঠিক করতে ফলাফলটি ব্যবহার করুন।

**প্রতি রবিবার কলম্বিয়ার বগোটায় সকাল 7টা থেকে দুপুর 2টো পর্যন্ত সাইকেল আরোহী, স্কেটার, স্কুটার - এবং হুইলচেয়ার ব্যবহারকারী - যেকোন মানুষ যারা মোটর বিহীন যান ব্যবহার করছেন, তাদের জন্যে শহরের 120 কিলোমিটার রাস্তা খুলে রাখা হয়। এটিকে বলা হয় সিক্লোভা (বা 'বাইসিকেল এর পথ') এটির রাস্তায় 'মজাদার বিরতিস্থান' ও রয়েছে যেখানে অন্যান্য সামাজিক ক্রিয়াকলাপের পাশাপাশি মানুষ জলখাবার কিনতে পারেন, গান বাজনা শুনতে পারেন, এবং ফিটনেস এর ক্লাস ও করতে পারেন।**




# পথচারী এবং অন্যান্য ব্যবহারকারীদের জন্যে পেইন্টিং লেন

বহু শহরে পথচারী, সাইকেল আরোহী এবং অন্যান্য মোটরবিহীন পরিবহন ব্যবহারকারীদের ব্যস্ত রাস্তার সংযোগস্থলগুলি পার করতে দিন দিন অসুবিধে হচ্ছে। স্পষ্ট করে পথচারী ইত্যাদির জন্যে লেনগুলি চিহ্নিত করে দিলে প্রত্যেকে নিরাপদ থাকে এবং শহরের চারপাশের গতিশীলতাও উন্নত হয়। লেনের চিহ্নগুলি শহরের রাস্তাঘাট রঙীন করে তোলে এবং আকর্ষণ বৃদ্ধি করে।



1. পথচারী/মোটর-বিহীন যানবাহন ব্যবহারকারীদের কাছ থেকে গাড়ি এবং অন্যান্য যানবাহনগুলি দূরে রেখে কোথায় রাস্তা তৈরী হলে তা নিরাপত্তা বৃদ্ধি করবে তা চিহ্নিত করুন।
2. প্রকল্পটির জন্যে স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি নিন। এরপরে স্থানীয় সামাজিক দল, শিল্পী, স্কুল এবং অন্যান্যদের যুক্ত করুন, লেনগুলিতে কোথায় রঙ করতে হবে এবং পরিকল্পনার ধারণাগুলির ব্যাপারে সমাজের মধ্যে আলোচনা সভার ব্যবস্থা করুন।
3. পরিকল্পনাটি চূড়ান্ত করুন এবং রঙের এর কাজে সহায়তার জন্যে স্বেচ্ছাসেবকদের খুঁজে নিন।
4. লেনগুলি রঙ করার জন্যে সময় বের করুন। ব্যস্ততম রাস্তাগুলির জন্যে, অনেক রাতে বা ভোরে হয়তো কাজটা করতে হবে যখন যানবাহন কম থাকে।
5. আপনি যেখানে রঙের কাজ করছেন সেটি বন্ধ করে দেওয়ার ব্যাপারে পুলিশ বা স্থানীয় সামাজিক দলের কাছ থেকে সাহায্য চান। আসন্ন ট্রাফিকের ওপর নজর রাখতে অন্তত একজন ব্যক্তি যেন থাকেন সেদিকে খেয়াল রাখুন।
6. উপকরণগুলি কিনুন এবং রঙের কাজ শুরু করুন। ফুটপাথে পরিকল্পনাটির রূপরেখাটি তৈরী করতে এবং অন্যদেই কি করণীয় সে ব্যাপারে নির্দেশ দিতে একজন প্রধান শিল্পীকে নিয়োগ করুন। রঙের কাজটি শেষ করতে বহু দিন লেগে যেতে পারে।

**সারা বিশ্ব জুড়ে শহরগুলি সৃজনশীল হয়ে উঠছে এবং পথচারী, সাইকেল আরোহী এবং অন্যান্যদের যানবাহন থেকে সুরক্ষিত রাখতে লেন/ক্রসওয়াকগুলি রঙ করা হচ্ছে। যেমন চায়নার চঙকিং এ একটি ক্রসওয়াককে পিয়ানোর কীবোর্ড বাজানো হাতের ছবিতে পরিণত করা হয়েছে; চিলির স্যান্টিয়াগোতে, একজন শিল্পী একঝাঁক মাছ এর ছবি এঁকে ক্রসওয়াক তৈরী করেছেন; এবং ব্যাঙ্কক এর কাছে থাইল্যান্ডে, ছাত্রছাত্রীরা ক্রসওয়াকর 3D চিত্র এঁকেছে যাতে চালকরা গতিরোধকারী (স্পীড বাম্প) এর আশঙ্কায় বাধ্য হয়ে গাড়ির গতি হ্রাস করেন।**



# গ্লোবাল লিঙ্ক

এই মডিউলের অর্ন্তগত অনেকগুলি ক্রিয়াকলাপ জলবায়ুগত পরিবর্তন অভিযোজন এবং প্রশমন সমর্থন করে। যেমন, মোটরগাড়ি-শূন্য দিনগুলি কার্বন ডাইঅক্সাইড এবং অন্যান্য নিঃসরণগুলি হ্রাস করে; পথচারী এবং অন্যান্য ব্যবহারকারীদের জন্যে লেনগুলি রঙ করা হলে হাঁটা এবং বিভিন্ন ধরণের মোটর-বিহীন পরিবহনগুলি বৃদ্ধি পায়; জায়গা নির্ধারণ পরিকল্পনার বর্জ্য পদার্থের উন্নত পুর্নব্যবহার সম্ভব হয় এবং বর্জ্য পদার্থকে অপসৃত করে সংস্থানগুলির নিরন্তর ব্যবহার এর উদ্দেশ্যে চক্র অর্থনীতিতে অবদান রাখে।

এই সব উপায়গুলির পিছনে সেই সব মানুষজন রয়েছেন যারা পদক্ষেপ গ্রহণ করেন আর সেই সব মানুষ আছেন যাদের জীবন এর কারণে উন্নত হয়। উদাহরণস্বরূপ বলা যায়, পাড়াভিত্তিক উৎসবগুলি বিভিন্ন গোষ্ঠীর মানুষদের বিনোদনমূলক কার্যকলাপ এবং সাংস্কৃতিক বিনিময়ের মাধ্যমে মিলিত করে, তাতে সুখী এবং স্বাস্থ্যকর সমাজটি তৈরী হয় - যা কিনা একটি বাসযোগ্য শহরের মুখ্য নির্ধারক।

বিশ্বব্যাপী স্তরে বাসযোগ্য শহরগুলি একাধিক পরস্পর সংযুক্ত বিষয়ের জন্যে প্রাসঙ্গিক যেমন নিউ আর্বান এজেন্ডা এবং দীর্ঘস্থায়ী বিকাশের লক্ষ্যসমূহ (SDGs)। যেমন, এই কার্যকলাপগুলি প্রত্যক্ষভাবে SDG 11– এ ম্যাপ করা যায়: “শহর এবং জন বসতিগুলিকে সর্বব্যাপী, নিরাপদ, স্থিতিস্থাপক এবং দীর্ঘস্থায়ী করে তোলা”। এগুলি বিশেষ করে লক্ষ্য 11.3 এর জন্যে প্রাসঙ্গিক: “সব দেশে সর্বব্যাপী এবং দীর্ঘস্থায়ী শহরীকরণ এবং অংশগ্রহণমূলক,সমন্বিত এবং দীর্ঘস্থায়ী জন বসতি পরিকল্পনা এবং ব্যবস্থাপনা বৃদ্ধি করা”; লক্ষ্য 11.6: “বায়ুদূষণ এর প্রতি বিশেষ নজর দিয়ে শহরে মাথা পিছু পরিবেশগত প্রভাবের প্রতিকূলতা হ্রাস করা; এবং লক্ষ্য 11.7: “নিরাপদ এবং সর্বব্যাপী সবুজ এবং জন স্থানে যাতায়াত সম্ভব করা”। ওরা SDG 3–এও অবদান রাখে: “সুস্থ জীবন সুনিশ্চিত করা এবং সব বয়সের সকলের কল্যান বৃদ্ধি করা”; বিশেষ করে, লক্ষ্য 3.6: “পথ দুর্ঘটনা জনিত বিশ্বব্যাপী মৃত্যু এবং জখম অর্ধেক করা”।

তাছাড়া, এই কার্যকলাপগুলি 2015 সালের প্যারিস চুক্তির প্রতি দেশের দায়বদ্ধতায় অবদান রাখে।



# প্রাথমিক সতর্কতা প্রাথমিক পদক্ষেপ

এই মডিউলটিতে একাধিক ক্রিয়াকর্মের কথা বলা হয়েছে যা বিপন্ন সমাজগুলিকে কার্যকরী উপায়ে আবহাওয়া সম্পর্কিত তথ্যগুলি বুঝতে এবং কাজে লাগাতে সাহায্য করে, যাতে তাঁরা ঝুঁকি হ্রাস করতে এবং সুযোগগুলিকে সর্বাধিক কার্যকরী করে তুলতে আগেভাগে পদক্ষেপ নিতে পারেন। একত্রে, এই ক্রিয়াকর্মগুলিকে প্রাথমিক সতর্কতা প্রাথমিক পদক্ষেপ পদ্ধতি বলা হয়ে থাকে।

'আবহাওয়া সম্পর্কিত তথ্যগুলি বোঝা' এই কাজটি হল মানুষকে তাদের সমাজের মধ্যে আবহাওয়া এবং সেটির প্রভাবগুলির ব্যাপারে বুঝতে এবং পূর্বাভাসগুলি জানতে ন্যাশনাল মেট্রোলজিকাল সার্ভিসর সঙ্গে সংযুক্ত হতে সাহায্য করা।

'সমাজের মধ্যে যোগাযোগ শৃঙ্খলটির ছক তৈরী করা' এই কাজটি সমাজের মধ্যে যোগাযোগ প্রবাহটিকে ছকে ফেলার একটি সহজ উপায়,যা কিনা সামাজিক স্তরে যথাযথ যোগাযোগ ব্যবস্থার বিকাশে সহায়তা করতে পারে।

'একটি যোগাযোগ ব্যবস্থার পরিকল্পনা গড়ে তোলা' এই ক্রিয়াটিতে তথ্য বিস্তারের ওপর জোর দেওয়া হয়। সমাজের মধ্যে অত্যাবশ্যক বার্তাগুলি দ্রুত ছড়িয়ে দিতে যোগাযোগ ব্যবস্থা(গুলি)-কে রূপায়িত করার ব্যাপারে এটি ধাপে-ধাপে নির্দেশ দিয়ে থাকে।

'কুলিং সেন্টার্স' কাজটি অতিরিক্ত গরমের দিনগুলিতে সমাজের সদস্যদের কিভাবে সহায়তা করা যেতে পারে সে ব্যাপারে নির্দেশিত করে।



# আবহাওয়া সম্পর্কিত তথ্য বোঝা

মানুষ কিভাবে আবহাওয়া এবং সেটির প্রভাবগুলি অনুভব করে তা বুঝতে পারলে সমাজের প্রতিদিনের জীবনে আবহাওয়ার প্রভাবগুলির ব্যাপারে সচেতনতা এবং তার জন্যে প্রস্তুতিকরণ আরো উন্নত হয়।

1. স্থানীয় নেতৃস্থানীয় ব্যক্তি এবং আবাসিকদের কাছ থেকে জানতে চান কোন ধরণের আবহাওয়া ওদের সমাজকে সবচেয়ে গুরুতরভাবে প্রভাবিত করে। আবহাওয়া কিভাবে ওদের জীবিকার ওপর প্রভাব ফেলে তা জানতে কায়েমী স্বার্থ রয়েছে এমন একদল মানুষকে নিযুক্ত করুন (যেমন কৃষক, জেলে, ব্যবসায়ী লোক ইত্যাদি)

2. একটি গোষ্ঠী হিসেবে সমাজের ওপর প্রভাব বিস্তারকারী মুখ্য আবহাওয়া সংক্রান্ত ঝুঁকিগুলি চিহ্নিত করুন (যেমন ভারী বর্ষণ, অধিক তাপমাত্রা, জোরালো হাওয়া)। সর্বাধিক প্রভাব বিস্তারকারী ঝুঁকির ব্যাপারে অংশগ্রহণকারীদের ভোট দিতে বলার আগে সাম্প্রতিক এবং অতীতের প্রভাব বিস্তারকারী আবহাওয়া সংক্রান্ত আলোচনা দিয়ে শুরু করুন। (ন্যুনতম 30 মিনিট)


3. এরপরে, এই ঝুঁকি জনিত প্রভাবগুলির তালিকা তৈরী করুন যা একটি ঘটনা থেকে অন্য ঘটনায় তারতম্য দেখা দিতে পারে (যেমন কখনো ভারী বৃষ্টিপাতের কারণে হাল্কা বন্যা দেখা দিতে পারে; আবার পরের বার অত্যধিক বন্যাও হতে পারে যা গবাদি পশু এমন কি ঘর বাড়িও ভাসিয়ে নিয়ে যেতে পারে)। প্রভাবগুলির ক্রমটিকে 'মুখ্য' থেকে 'গৌণ' অনুযায়ী সাজান।

4. কোন দৈনিক বা সাপ্তাহিক অনলাইন পূর্বাভাস বের করুন যা থেকে স্থানীয় আবহাওয়া সংক্রান্ত তথ্য পাওয়া যাবে যার মধ্যে আপনার সমাজও অর্ন্তভুক্ত। এটি ন্যাশনাল মেট্রোলজিকাল সার্ভিস বা বে-সরকারী আবহাওয়া কোম্পানি প্রকাশ করতে পারে। (ন্যুনতম 1 ঘন্টা)

5. বিভিন্ন ধরণের পূর্বাভাসের জন্যে সমাজের সদস্যরা কি পদক্ষেপ নিতে পারেন তা নিয়ে আলোচনা করুন। যেমন, যদি শুষ্ক আবহাওয়ার পূর্বাভাস থাকে তাহলে তা ফসল ফলানো বা গৃহ নির্মানের ক্ষেত্রে সুসময় হতে পারে।

6. নিয়মিতভাবে পূর্বাভাসগুলির ওপর নজর রাখুন এবং সম্ভাব্য উচ্চ-প্রভাব সম্পন্ন আবহাওয়ার ব্যাপারে সতর্ক থাকুন যা সমাজকে প্রভাবিত করতে পারে। সমাজের সদস্যদের আবহাওয়া সংক্রান্ত তথ্যটি জানিয়ে দিন যাতে প্রত্যেকে তাদের চাহিদা পূরণের জন্যে সময় মতন সিদ্ধান্ত নিতে পারেন।

**দক্ষিণ ইথিওপিয়াতে সমাজের সদস্যরা খরাকে তাদের সমাজে প্রভাবশালী ঝুঁকি হিসেবে চিহ্নিত করেন। স্থানীয় NGO-গুলি খরা সংক্রান্ত পূর্বাভাস এর ব্যাপারে তথ্য জানার জন্যে এবং রেডিও মারফৎ তা প্রচার করার জন্যে ন্যাশনাল মেট সার্ভিসের সঙ্গে কাজ করে।**



# সমাজের যোগাযোগ নেটওয়ার্ক মানচিত্র

তথ্য প্রবাহটিকে ছকে ফেললে একটি শহরের বাস্তুতন্ত্রের বৃহত্তর তথ্যগুলি বোঝার একটি ভিত্তি পাওয়া যায়। বিভিন্ন চ্যানেল এবং পদ্ধতি প্রকরণের মাধ্যমে কিভাবে সমাজের সদস্যদের মধ্যে তথ্য বাহিত হয় এর থেকে তা জানা যায়। এই কাজটির তথ্য প্রবাহের মধ্যে কোন প্রতিবন্ধকতা থাকলে তাও চিহ্নিত করতে পারে। এগুলি ঠিক করলে স্থানীয় পর্যায়ে জলবায়ুগত স্থিতিস্থাপকতার উন্নতি হতে পারে।

1. কিভাবে তারা সাধারণ এবং জলবায়ুগত তথ্যগুলি ব্যবহার করেন এবং তাদের পছন্দের গণ মাধ্যম, পদ্ধতি প্রকরণ এবং তথ্য গ্রহণের ক্ষেত্রে কোন চ্যালেঞ্জ থাকলে সে বিষয়ে আলোচনা করতে সমাজের সদস্যদের নিয়ে একটি গোষ্ঠী নির্মান করুন। তাছাড়াও, তথ্য সংগৃহীত হওয়ার পর কোন ধরণের পদক্ষেপ(সমূহ) গ্রহণ করা হয় এবং একেকটি পদক্ষেপ রূপায়িত করতে কত সময় লাগে তাই নিয়েও আলোচনা করুন।

2. যোগাযোগের পরিকাঠামোটি চিহ্নিত করতে স্থানীয় অঞ্চলটি লক্ষ্য করুন (যেমন সামাজিক রেডিও) এবং স্থানীয় পরিষেবাগুলি বা গণ ব্যবহার্য বিল্ডিংগুলি তথ্য বিস্তারের ক্ষেত্রে কি ভূমিকা পালন করে তা বুঝুন।

3. ওদের তথ্য চাহিদা এবং অগ্রাধিকারগুলির বিষয়ে গভীরে জানতে স্থানীয় গণ মাধ্যম, সিদ্ধান্তগ্রহণকারী এবং ডেটা প্রদানকারীদের সঙ্গে অনানুষ্ঠানিকভাবে কথাবার্তা বলুন। এর থেকে জানা যাবে কিভাবে তথ্য সম্প্রচারিত হয় এবং কিভাবে এবং কখন তা প্রচারিত হয়, পাশাপাশি কোন কোন পদ্ধতি ব্যবহৃত হয় এবং মূল চ্যালেঞ্জগুলির ব্যাপারে ওঁদের অনুভূতি কি।

4. সবকটি সংগৃহীত তথ্য ব্যবহার করে, স্থানীয় তথ্য বাস্তুতন্ত্রটি ছকে ফেলুন। বিশেষ করে আবহাওয়া সংক্রান্ত তথ্যের কুশীলব এবং মাধ্যমগুলিকে চিহ্নিত করুন। বিভিন্ন ধরণের কুশীলবদের রঙ দ্বারা চিহ্নিত করলে সুবিধে হতে পারে (যেমন তথ্য প্রদানকারী, মধ্যস্থতাকারী এবং তথ্য গ্রহণকারীসমূহ)। নেটওয়ার্কটি তৈরী করার সময়ে, সবচেয়ে জনপ্রিয় এবং কার্যকরী মাধ্যমগুলির ওপর জোর দেওয়ার উপায়গুলি ভেবে দেখবেন এবং যেসব কুশীলবেরা তাদের প্রচারিত তথ্যে মূল্য যোগ করছেন তাদের চিহ্নিত করার উপায় নির্ধারণ করবেন।

**2019 সালের জুন মাসে থাইল্যান্ডের চিয়াংমাই তে অনুষ্ঠিত এক মাস ব্যাপী শিল্প এবং প্রযুক্তি অনুষ্ঠানে পুনরুত্থান দলটি অংশগ্রহণ করে - তথ্য বাস্তুতন্ত্রটিকে ছকে ফেলার দ্বারা নং হয় সমাজে অত্যধিক বৃষ্টিপাত এবং বন্যার ঝুঁকির ব্যাপারে বুঝতে। স্থানীয় আবাসিকদের সঙ্গে কর্মশালা আয়োজন, ক্ষেত্র পরিদর্শন এবং মূখ্য কুশীলবদের সঙ্গে সাক্ষাৎকারের মাধ্যমে চিয়াং মাইএর তথ্য নেটওয়ার্কটির মানচিত্রের রূপরেখা তৈরী করা হয়।**



# একটি যোগাযোগ ব্যবস্থার ডিজাইন তৈরী করা

গুরুত্বপূর্ণ বার্তাগুলি দ্রুত ভাগ করে নেওয়ার ব্যাপারে সমাজগুলিকে সাহায্য করতে একটি বিবিধ-মাধ্যম ভিত্তিক যোগাযোগ ব্যবস্থা ডিজাইন করুন। স্থানীয় বাসিন্দারা যেভাবে সবসময়ে সমাজের মধ্যে তথ্য ভাগ করে নেয়, এটি সেই ভিত্তিতে করতে হবে। এই পদ্ধতিগুলির মধ্যে রয়েছে কাস্কেডিং (প্রসারণ) – যেখানে এক দল গ্রহীতা আরেকটি দলকে বার্তাটি পাঠিয়ে দেবে; প্রশিক্ষণ – যেখানে মুখ্য ব্যক্তিরা জানতে পাড়বেন কিভাবে নির্বাচিত মাধ্যমগুলি ব্যবহার করে বার্তাগুলি সম্প্রচারিত করতে হবে; এবং মতামত (ফিডব্যাক) – যেখানে যোগাযোগ ব্যবস্থার সব ব্যবহারকারীরা জানাবেন কোনটি সঠিক কাজ করছে এবং কোথায় আরো উন্নতির প্রয়োজন।

1. যোগাযোগের জন্যে সবচেয়ে কার্যকরী মাধ্যমগুলি চিহ্নিত করুন। কিভাবে মানুষ নির্ভরযোগ্য তথ্য ভাগ করে নেন এবং বর্তমানে ওরা যে যোগাযোগের মাধ্যমগুলি ব্যবহার করেন সে ব্যাপারে মতামত নেন (ইতিবাচক এবং নেতিবাচক) তা জানতে স্থানীয় প্রতিনিধিদের নিয়ে একটি বৈঠকের আয়োজন করুন। কোন কোন মাধ্যম জনসংখ্যার কিছু নির্দিষ্ট শ্রেণীর কাছে অন্যদের তুলনায় বেশি কার্যকরী উপায়ে পৌঁছতে পারে অর্থাৎ বয়স্করা SMS ব্যবহার করতে পারেন; অল্প বয়সীদের সামাজিক মাধ্যম সংক্রান্ত অ্যাপগুলি বেশি পছন্দসই হতে পারে যেমন হোয়াটসঅ্যাপ।

2. একেকটি মাধ্যমের মধ্যস্থতাকারীদের (গেটকিপার) চিহ্নিত করুন। আপনি যদি ছোটদের এবং তাদের বাবা মায়েদের সঙ্গে যোগাযোগ করার জন্যে স্কুলগুলি ব্যবহার করার কথা ভেবে থাকেন,তাহলে আপনাকে প্রধান শিক্ষকদের সহযোগিতায় তা করতে হবে। আপনি যদি স্কুলের ফেসবুক পৃষ্ঠায় বার্তাগুলি প্রচার করতে চান, আপনাকে অ্যাডমিনিস্ট্রেটরের সঙ্গে যোগাযোগ করতে হবে।

3. স্থানীয় যোগাযোগ ব্যবস্থার মাধ্যমগুলির অন্যান্য মধ্যস্থতাকারীদের সহযোগিতায় করুন। আপনি কি অর্জন করতে চান তা ব্যাখা করুন। আবহাওয়া সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যগুলি ওদের পাঠাতে বলুন এবং গ্রহণকারীদের মতামতগুলি জানিয়ে দিন।

4. পরীক্ষা এবং পর্যালোচনা। যোগাযোগ ব্যবস্থার বৃক্ষটি কতটা কার্যকরী তা জানতে একটি পরীক্ষা বিষয়ক বার্তা ছড়িয়ে দিন। যেকোন প্রয়োজনীয় অদলবদল করে নিন।

5. গ্রহীতা এবং মধ্যস্থতাকারীদের কাছ থেকে পাওয়া মতামতগুলির ওপর নজর রাখুন যাতে আপনার বার্তা অদলবদল করা যায় এবং উন্নত করা যায়।

**কিবেরার একটি সামাজিক বিকাশ দল কেনিয়ার নাইরোবিতে একটি আড়ম্বরহীন বসতি) কেনিয়া মেটেরোলজিকাল ডিপার্টমেন্ট এবং স্থানীয় নেতৃবৃন্দের সঙ্গে আবহাওয়া সংক্রান্ত যোগাযোগ ব্যবস্থা পরিকল্পনা করার জন্যে কাজ করে। এর ফলে প্রতিদিন একটি সামাজিক রেডিও স্টেশন, ফেসবুকের পৃষ্ঠা, হোয়াটসঅ্যাপ গ্রুপ এবং SMS এর মাধ্যমে 500,000 এর বেশি আবাসিকবৃন্দের কাছে আবহাওয়া সংক্রান্ত তথ্য এবং সম্পর্কিত পরামর্শ সম্প্রচারিত হয়। গুরুত্বপূর্ণভাবে মতামত সম্পর্কিত লুপও রয়েছে।**



# কূলিং সেন্টার

শীতলতা কেন্দ্রগুলি হল সেই সব স্থান যেখানে মানুষ অত্যধিক গরমের সময়ে বিশ্রাম নিতে পারেন এবং ঠান্ডা হতে পারেন। এগুলি যাত্রী, বাড়ির বাইরের কর্মচারী এবং বয়স্ক মানুষ এবং যেকোন ব্যক্তি যারা অত্যধিক তাপমাত্রার সংস্পর্শে আছেন এবং উত্তাপে জনিত চাপের শিকার তারা ব্যবহার করে থাকেন। প্রাথমিক পদক্ষেপ হিসেবে,শীতলকারী কেন্দ্রগুলি সহজ রূপায়নযোগ্য এবং কম বাজেট সম্পন্ন। তাপপ্রবাহ অনুভব করছে এমন সমাজের কাছে এটি একটি জীবন রক্ষাকারী পদক্ষেপ।

1. আবহাওয়ার পূর্বাভাস এবং বিশেষ করে অন্য কোন আবহাওয়া সংক্রান্ত সতর্কতাগুলি নিয়মিত পরীক্ষা করুন অতিরিক্ত গরমের সময়গুলিতে নিজেদের প্রস্তুত রাখতে।

2. একটি উপযুক্ত স্থান চিহ্নিত করুন যেটি সমাজের সদস্যদের পক্ষে যাতায়াতসাধ্য এবং সুবিধাজনক যারা তাপ জনিত চাপের সম্মুখীন যেমন রেড ক্রস অফিস, গণ বিল্ডিং বা বে-সরকারী ক্ষেত্রের দেওয়া কোন স্থান। আরো বেশি সংখ্যক মানুষের কাছে পৌঁছনোর জন্যে আপনি শীতলকারী বাস বা তাঁবু সহ সক্রিয় থাকার কথাও ভাবতে পারেন।

3. কেন্দ্রটিতে শীতলকরণের উপকরণ যেমন শেড, পাখা, ঠান্ডা জল, স্প্রে বা এয়ার কন্ডিশনিং ইউনিটের ব্যবস্থা রাখুন। মনে রাখবেন বায়ু চলাচলের যেন সু ব্যবস্থা থাকে।

4. আগন্তুকদের জন্যে জলখাবারের ব্যবস্থা রাখবেন – যেমন ঠান্ডা জল বা ফলের রস। ভেজা তোয়ালেও গরম এর হাত থেকে কিছুটা নিষ্কৃতি পাওয়ার একটি সদুপায়।

5. গরমের বিপদগুলির ওপর সাইন বা ফ্লায়ার তৈরী করুন। বার্তাটি যাতে সকলের কাছে পৌঁছতে পারে এবং বোধগম্য হয় তাই গ্রাফিক্স এর ব্যবহার করুন। আগন্তুকদের বিপদগুলির ব্যাপারে বুঝিয়ে দিন।

6. স্বেচ্ছাসেবক এবং শীতলতা কেন্দ্রগুলিতে আসা সমাজের সদস্যদের সঙ্গে আপনার অভিজ্ঞতা ভাগ করে নিন যাতে অত্যধিক গরম আবহাওয়ার পূর্বাভাসের ক্ষেত্রে পরের বার আপনার গঠন করা শীতলতা কেন্দ্রে অদলবদল/উন্নতিকরণ সম্ভবপর হয়।

**2019 সালের জুলাই মাসে, ভিয়েতনামের হানোয় একটি তাপপ্রবাহের দ্বারা আক্রান্ত হয় এবং দীর্ঘায়িত উচ্চ তাপমাত্রা 47.5° সেলসিয়াসে পৌঁছে যায়।একটি রেড ক্রসের অফিস এবং তাঁবুতে শীতলতার উপকরণ এর ব্যবস্থা করা হয় যাতে বিপন্ন মানুষজন তাপ থেকে নিষ্কৃতি পান। আগন্তুকদের জন্যে জলখাবার এবং একান্ত – প্রয়োজনীয় বিশ্রামের ব্যবস্থা রাখা হয় যাতে উচ্চ তাপমাত্রার সংস্পর্শ থেকে উদ্ধার পাওয়া যায়। শীতলতা কেন্দ্রগুলি ফার্স্ট এড এ প্রশিক্ষণপ্রাপ্ত রেড ক্রস এর স্বেচ্ছাসেবকদের দ্বারা পরিচালিত।**



# গ্লোবাল লিঙ্ক

এই মডিউলের অর্ন্তগত কার্যকলাপগুলি সমাজ এবং বিপন্ন গোষ্ঠীগুলিকে আবহাওয়া সম্পর্কিত তথ্যগুলি লাভ করতে, বুঝতে এবং পদক্ষেপ গ্রহণ করতে সহায়তা করে এটিকে সহজবোধ্য এবং স্থানীয় ভাবে আরো প্রাসঙ্গিক করে তোলার মাধ্যমে। এই মডিউলটির মধ্যে একাধিক কার্যকলাপ রয়েছে যেগুলি সমাজের মধ্যে বিদ্যমান গণ মাধ্যম এবং কুশীলবদের ব্যবহার করার মাধ্যমে আবাসিকদের কাছে উন্নত তথ্য প্রেরণএর উদ্দেশ্যে পরিকল্পিত হয়েছে। সামগ্রিকভাবে এই কাজগুলি দীর্ঘস্থায়ী উন্নয়ণের লক্ষ্যের সঙ্গে সম্পর্কিত 13: “জলবায়ুগত পরিবর্তন এবং তার প্রভাবসমূহের বিরুদ্ধে লড়তে জরুরী পদক্ষেপ গ্রহণ করা” এবং বিশেষ করে লক্ষ্য 13.1: “সব দেশে জলবায়ু-সম্পর্কিত ঝুঁকি এবং প্রাকৃতিক দুর্যোগের মুখে স্থিতিস্থাপকতা এবং অভিযোজনের ক্ষমতা বৃদ্ধি করা” লক্ষ্য 13.3-এর পাশাপাশি: জলবায়ুগত পরিবর্তন প্রশমন, অভিযোজন, প্রভাব হ্রাস এবং প্রাথমিক সতর্কতার ওপর শিক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং মানব ও প্রাতিষ্ঠানিক ক্ষমতার উন্নতিকরণ”। আবহাওয়া সংক্রান্ত তথ্যগুলি সহজলভ্য করে তুলতে, বুঝতে এবং ব্যবহার করতে, এই কর্মক্রিয়াগুলি প্রত্যক্ষভাবেও সেন্ডাই ফ্রেমওয়ার্ক ফর ডিসাস্টার রিস্ক রিডাকশন এর লক্ষ্য G-5-কে সমর্থণ করে যেটির লক্ষ্য হল “সেই সব দেশের সংখ্যা বৃদ্ধি করা যাদের জাতীয় এবং স্থানীয় স্তরে মানুষের জন্যে সহজলভ্য, সহজবোধ্য, ব্যবহার যোগ্য এবং প্রাসঙ্গিক দুর্যোগের ঝুঁকি সংক্রান্ত তথ্য এবং মূল্যায়ন রয়েছে”।



# সৃজনশীল যোগাযোগ

এই মডিউলটিতে কিছু সৃজনশীল যোগাযোগ পদ্ধতির কথা বলা হয়েছে যা আপনি শহরের সমস্যাগুলির ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্যে ব্যবহার করতে পারবেন। শহুরে স্থানগুলি সৃজনশীল প্রেরণার দ্বারা পরিপূর্ণ; এখানে আমরা এমন কিছু সৃজনশীল ভাবনাচিন্তার কথা আলোচনা করব যাতে এই স্থানগুলির ক্ষেত্রে কাজে লাগানো যায়।

নিম্নলিখিত উদাহরণগুলি যদি আপনার কল্পনা শক্তিকে উজ্জীবিত করে, সেক্ষেত্রে আপনার শহরের কাজে সৃজনশীল যোগাযোগ ব্যবস্থার অন্যান্য পদ্ধতিগুলি নাড়াচাড়া করে দেখবেন না কেন? সৃজনশীল যোগাযোগ বলতে শুধুমাত্র বৃহত্তর দর্শকের কাছে গুরুত্বপূর্ণ বার্তা পৌঁছে দেওয়াই নয়। এটি শহরের কাজে নিযুক্ত আপনার স্বেচ্ছাসেবক এবং অংশীদারদের দলের মধ্যে একাত্ম বোধ এবং সম্মিলিত উদ্দেশ্যসাধণ এর স্পৃহা জাগরিত করে।

সৃজনশীল যোগাযোগ ব্যবস্থাটি স্থানীয় গোষ্ঠীদের শহুরে বার্তা প্রেরণে সক্রিয়ভাবে অংশগ্রহণ সম্ভব করে এবং এইসব সম্প্রদায়গুলির বৈচিত্র্যে এবং তাদের নানাবিধ দক্ষতায় উদ্বুদ্ধ হয়।



# শহুরে শিল্প


শহুরে শিল্প মানুষকে প্রতিস্থাপন এর কাজে মিলিত করে যেমন প্রাচীর চিত্র, মোজাইক এবং ভাস্কর্যসমূহ। কোন শিল্পকর্মের অলঙ্করণ এবং কারুকাজ করার মাধ্যমে মানুষ শহরের নতুন দর্শনগুলি একে অপরের সঙ্গে ভাগ করে নিতে পারে, শহরের বিভিন্ন স্থানগুলিকে প্রাণবন্ত রঙের ছোঁওয়ায় পুনর্নির্মান করতে পারে এবং সংস্কৃতি, স্বাস্থ্য বা এমন কি জলবায়ুগত পরিবর্তন বা প্রাকৃতিক দুর্যোগের মতন বিষয়গুলি নিয়ে গুরুত্বপূর্ণ বার্তা ছড়িয়ে দিতে পারে। শহুরে শিল্প মানুষকে প্রেরণা যোগাতে পারে, নাগরিকের জীবন উজ্জ্বল করে তুলতে পারে এবং সমতা ও অর্ন্তভুক্তি বৃদ্ধি করতে পারে।

1. স্থানীয় কর্তৃপক্ষসমূহ, সামাজিক দল, স্কুল এবং শিল্পীরা প্রতিস্থাপনের কাজটির জন্যে ধারণা গঠনে এবং স্বেচ্ছাসেবক ও উপকরণ সহ সংস্থানগুলিকে চিহ্নিত করতে সাহায্য করতে পারেন। খরচগুলি ন্যুনতম রাখতে, স্থানীয় সরবরাহকারীদের সঙ্গে কথা বলে দেখতে পারেন যদি ওঁরা উপকরণগুলি কোন কিছুর বিনিময়ে দিতে পারেন।

2. শহরের অল্প ব্যবহৃত স্থানগুলির কথা ভাবুন, হয়তো সেগুলি নান্দনিকতার অভাব, কোন কার্যক্রিয়া বা অপরাধের কারণে অল্প ব্যবহৃত। সরকারী বিল্ডিং এর মতন নিশ্চল স্থান এবং শহুরে বাসের মতন সচল স্থানের কথা বিবেচনা করতে পারেন। স্থান(গুলি) চিহ্নিত করুন, প্রয়োজনীয় অনুমতি নিন এবং বিষয় বা বার্তাটির ব্যাপারে সহমত হন। যে শিল্পকার্যটি প্রতিস্থাপিত হবে সেটির ডিজাইনের একটি স্কেচ করে নিন এবং দেখিয়ে দিন সেটি কিভাবে স্থানটিকে রূপান্তরিত করবে। সব অংশগ্রহণকারীদের সঙ্গে ডিজাইন এবং ভাবনাটি নিয়ে আলোচনা করুন।

3. স্বেচ্ছাসেবকদের নিয়োগ করুন এবং কিভাবে কারুশিল্পটি সৃষ্টি করবেন তা নিয়ে পরিকল্পনা করুন – প্রকল্পটির সাইজ এবং কতজন মানুষ নিযুক্ত থাকবেন তার ওপর নির্ভর করে কাজটি সম্পূর্ণ করতে কয়েক দিন বা সপ্তাহ দুয়েক লাগতে পারে।

4. সৃজনশীল হয়ে উঠুন! স্বেচ্ছাসেবকের নিরাপত্তার বিষয়টি মাথায় রাখবেন যদি তারা বাইরে, উচ্চতায়, ধারালো যন্ত্রপাতির সাহায্যে বা শহরের কোন অসুরক্ষিত/অন্ধকার এলাকায় কাজ করেন। সামাজিক মাধ্যমে কাজের অগ্রগতিটি পোস্ট করুন এবং স্থানীয় গণমাধ্যমকে যুক্ত করুন।




**2007 সালে অ্যামেরিকান রেড ক্রস এর স্যান ফ্র্যান্সিস্কোর বে এরিয়া চ্যাপ্টার একটি স্থানীয় উপযোগী পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান, জাতীয় স্বাস্থ্যপরিষেবা প্রদানকারী এবং একটি বিজ্ঞাপন সংস্থার সঙ্গে যৌথভাবে কাজ করে। মিলিতভাবে তারা সারা শহর জুড়ে সর্বনাশা ভূমিকম্পের সম্ভাব্য ক্ষয়ক্ষতি দেখিয়ে অনেকগুলি অস্থায়ী প্রাচীরচিত্র তৈরী করে। দু-দিন ব্যাপী এই প্রচারাভিযানটির উদ্দেশ্য ছিল পরিবারগুলিকে প্রস্তুতির পরিকল্পনায় উদ্বুদ্ধ করা।**



# সুকৌশলী শহরীকরণ

বিশ্বব্যাপী শহরগুলি গণ ব্যবহার্য স্থানগুলির ব্যবহারর ক্ষেত্রে দীর্ঘ মেয়াদী পূর্ব-নির্ধারিত লক্ষ্যগুলিকে এগিয়ে নিয়ে যেতে স্বল্প-মেয়াদী অভিযোজ্য প্রকল্পগুলিকে কাজ লাগায়।‘সুকৌশলী শহরীকরণ’, যে নামে এটি পরিচিত, তা হল শুধুমাত্র পদক্ষেপ গ্রহণ কেন্দ্রিক। এই দীর্ঘকালীন পরিবর্তন ত্বরান্বিত করতে স্বল্প-মেয়াদী, অল্প-ব্যয় সাপেক্ষ এবং বিস্তারযোগ্য উদ্যোগগুলিকে কাজে লাগানোর মাধ্যমে নির্মিত পরিবেশের চ্যালেঞ্জের প্রতি শহর, সংগঠন - এবং/অথবা নাগরিক পরিচালিত দৃষ্টিকোণটিকে বোঝানো হয়েছে। উদাহরণ হিসেবে বলা যায় একটি পরিত্যক্ত পার্কিং লটকে কাফে তে; ভারী যানজট বিশিষ্ট জায়গায় ক্রসওয়াক পেন্টিং করা এবং একটি ফুটপাথকে ‘সবুজ’ করে তুলতে গাছের টব রাখা।




1. আপনার শহরের নির্মিত পরিবেশের সমস্যাগুলির খোঁজ করুন এবং যেগুলি তুলে ধরতে চান তার একটি সংক্ষিপ্ত তালিকা তৈরী করুন। একটি বেছে নিন এবং কিছু সৃজনশীল চিন্তাভাবনা মনে করে দেখুন যাতে অস্থায়ী কোন পরিবর্তনের দ্বারা সমস্যাগুলি মেটানো যায়।
2. যথাযথ অংশীদার নিযুক্ত করুন যিনি আপনার এই সক্রিয়তাকে সমর্থন করবেন। যেমন স্থানীয় কর্তৃপক্ষ, সুশীল সমাজ সংস্থা এবং/অথবা সামাজিক দলসমূহ।
3. অংশীদারদের সঙ্গে কর্মসূচীটির পরিকল্পনা করে নিন। একটি শহরের ব্লক, চত্বর, পার্কিং এর স্থান, ফুটপাথ বা অন্যান্য স্থান যেখানে অস্থায়ী পরিবর্তনগুলি করা সম্ভব। প্রয়োজনীয় অনুমতি নিন। এই বদলগুলি কতদিন থাকবে তা ঠিক করে নিন (সাধারণতঃ1-7 দিন থাকে); যে কাজগুলি সম্পূর্ণ করতে হবে তা তালিকাভুক্ত করুন এবং দলটিকে ধার্য করুন।
4. পদক্ষেপ নিন এবং অগ্রগতি নথিভুক্ত করুন। নতুন - চেহারায় সেজে ওঠা স্থানটিতে মানুষের মেলামেশার ছবি এবং ভিডিও পোস্ট করুন। স্থানীয় আধিকারিকদের নিজেদের চোখে দেখার জন্যে আমন্ত্রণ জানান।
5. ফলাফল নিয়ে অংশীদারদের সঙ্গে একত্রে চিন্তা করুন। পরিবর্তনগুলি আরো স্থায়ী করে তুলতে কিভাবে সমাজ এবং স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে কাজ করতে হবে যাতে আপনার চিহ্নিত সমস্যাগুলি মেটানো যেতে পারে তা ভেবে দেখুন।

**জামবিয়ার লুসাকায়, সুকৌশলী শহরে অত্যধিক উত্তাপ জনিত ঝুঁকিগুলির বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং তাপপ্রবাহ চলাকালীন মানুষের স্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব প্রতিরোধ করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ প্রস্তাবিত করতে ব্যবহার করা হয়। পদক্ষেপ গ্রহণের দিনটিতে অনাড়ম্বর বসতিগুলিতে রোদছাতা, ফুট বাথের পাশাপাশি শীতলকারী কেন্দ্র ঢাক বাজানো, এবং স্ল্যাম কবিতাও অর্ন্তভুক্ত ছিল।**



# ফ্ল্যাশমব

ফ্ল্যাশমব হল একটি সার্বজনীন স্থানে আপাতদৃষ্টিতে এলোমেলোভাবে আসা একটি বড় দলের মানুষের সমন্বিত ক্রিয়া, যেখানে তারা খুব স্বল্প সময়ের জন্যে বিনোদনমূলক কিছু করে দেখায় এবং তারপরে ছড়িয়ে যায়। ফ্ল্যাশমবের উদ্দেশ্য হল বিনোদনের মাধ্যমে জনগণের দৃষ্টি আকর্ষণ করা এবং কোন বার্তা প্রেরণ করা যেমন তাপের মধ্যে কিভাবে নিজেদের সুরক্ষিত রাখতে হবে।




1. স্থানীয় পারফর্মিং আর্টস স্কুলে বা সামাজিক দল থেকে স্বেচ্ছাসেবকদের একটি দল গঠন করুন। আপনার বার্তাটি কাদের জন্যে প্রয়োজন এবং সাধারণতঃ কোথায় এই সব মানুষদের পাওয়া যাবে তার ওপর ভিত্তি করে কোথায় ফ্ল্যাশমবটি প্রদর্শন করবে তা ঠিক করে নিন।

2. তিনটি মুখ্য বার্তা যা আপনি প্রচার করতে চান তাই নিয়ে আলোচনা করুন। যেমন, তাপপ্রবাহ সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলি হল: ঝুঁকি (যেমন তাপপ্রবাহ হল প্রাণঘাতী); আত্মরক্ষামূলক পদক্ষেপ (যেমন দিনের উষ্ণতম সময়টিতে বাড়ির ভিতরে থেকে নিজেকে সুরক্ষিত রাখুন); এবং আসন্ন কোন বিপদের ব্যাপারে জনগণকে জানান (যেমন শনিবার তাপপ্রবাহ হবে)।

3. দলের সৃজনশীল ক্ষমতাগুলি ব্যবহার করুন যাতে এই বার্তাগুলি প্রেরণ করার উপায় বের করা যায় এবং স্থানীয় শ্রোতাদের সঙ্গে সংযুক্ত হওয়া যায়। যেমন, আপনি কোন জনপ্রিয় গান থেকে সুরটি নিয়ে গানের কথাগুলোর বদলে মুখ্য বার্তাগুলি বসিয়ে দিতে পারেন। অথবা কোন বিশেষ নাচের মুদ্রায় কিছু বাক্য সংযুক্ত করতে পারেন। সৃজনশীল হোন!

4. চর্চা করুন এবং করে দেখান একটি সফল ফ্ল্যাশমব একটি বড় জনতাকে আকৃষ্ট করবে এবং সামাজিক/স্থানীয় গণমাধ্যমে জায়গা করে নেবে।

**ভারতবর্ষে, নতুন দিল্লীতে, স্বেচ্ছাসেবকেরা অতিরিক্ত উত্তাপ নিয়ে একটি সরলীকৃত বার্তা নিয়ে ফ্ল্যাশমব তৈরী করেছিল: বেশি করে জল খান, মাথা ঢেকে রাখুন এবং 12:00 এবং 15:00 টার মধ্যে দিনের এই উষ্ণতম সময়ে "বিশ্রাম করুন, বিশ্রাম করুন, বিশ্রাম করুন"। উচ্চ তাপমাত্রা কিভাবে সামলাতে হবে সেই ব্যাপারে আগন্তুক এবং আবাসিকদের জানাতে ওরা বিমানবন্দরে এবং একটি ব্যস্ত বাজারে ফ্ল্যাশমবের আয়োজন করেছিল।**



# কার্টুন-এ-থন (কার্টুন প্রতিযোগিতা)র আয়োজন করুন

কার্টুন-এ-থনে প্রকৃত সময়ের মধ্যে কার্টুন শিল্পীর সাহায্যে কার্টুনগুলি বিকাশ করতে হবে এবং পরিমার্জন করতে হবে এবং ভাবনা এবং অর্ন্তদৃষ্টি লাভের জন্যে দর্শকদের প্রতিক্রিয়াগুলিকে কাজে লাগাতে হবে। কার্টুন খুব সহজ ভাবে এবং চিত্তাকর্ষক উপায়ে কোন কিছুর গভীরে প্রবেশ করতে পারে।

1. একটি বিষয় নির্বাচন করুন। এটি কোন শহুরে বিষয় হতে পারে, যেমন স্বাস্থ্যকর এবং বাসযোগ্য শহর নির্মাণ করতে হবে বা শহরে সুরক্ষিত থাকতে হবে।
2. একজন স্থানীয় কার্টুন শিল্পীকে যুক্ত হওয়ার প্রস্তাব দিন। কার্টুন শিল্পীকে বলুন বিষয়টির সমস্যা এবং সুযোগগুলির ওপর আলোকপাত করে প্রাথমিক একটি খসড়া তৈরী করে নিতে।
3. অনুষ্ঠানের স্থানটি খুঁজে বুক করে নিন; কার্টুন-এ-থন এ সীমিত সংখ্যক মানুষদের অংশগ্রহণ করার জন্যে আমন্ত্রণ জানান; অনুষ্ঠানটিতে প্রয়োজনীয় উপকরণগুলির ব্যবস্থা রাখবেন।
4. বিষয়টির সম্পর্কিত একটি ভূমিকার সাহায্যে কার্টুন-এ-থন শুরু করুন এবং মানুষকে ভাবার অবকাশ দিন। অনুষ্ঠানটি সঞ্চালনা করুন হয় বক্তাদের বিষয়টি সম্পর্কিত অভিজ্ঞতা ভাগ করে নিতে তাদের আমন্ত্রণ জানানোর মাধ্যমে এবং/অথবা দর্শকদের মধ্যে প্রত্যেককে তাদের কোন একটি ভাবনা নিয়ে এগিয়ে আসার জন্যে।
5. অংশগ্রহণকারীদের কার্টুনের প্রাথমিক খসড়াগুলি দেখতে উৎসাহিত করার আগে সেগুলি প্রদর্শিত রাখুন এবং অন্যদের সঙ্গে কার্টুন সম্পর্কিত ওঁদের অভিজ্ঞতা এবং আকস্মিক উপলব্ধিগুলিকে ভাগ করে নিন।
6. এরপরে অংশগ্রহণকারীদের পূর্ণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানান এবং কার্টুনগুলির বিষয়ে ওদের ভাবনাচিন্তাগুলি নিয়ে আলোচনা করুন। অনুরূপভাবে, কার্টুন শিল্পীকে দর্শকদের মতামতের ওপর ভিত্তি করে প্রাথমিক খসড়াগুলি সংশোধন করতে বলুন।
7. দর্শকের সামনে চূড়ান্ত কার্টুনগুলি তুলে ধরুন। মানুষ কি শিখল সে ব্যাপারে সংক্ষেপে ভাবনা চিন্তা করতে তাঁদের আমন্ত্রণ জানান। অনুষ্ঠান শেষ করার আগে কার্টুন শিল্পী এবং অংশগ্রহণকারীদের আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করুন।

**স্পেনের অ্যান্ডালুসিয়া অঞ্চল, ফ্রান্স এর নোভিল-অ্যাকুইটেন অঞ্চল, ইটালিয়ান ডোলোমাইটস এবং স্কটল্যান্ডের গ্লাসগো অঞ্চলের স্থানীয় প্রতিনিধিদের নিয়ে জটিল, পরস্পর-সংযুক্ত শহুরে সমস্যাগুলি অন্বেষণ করতে একটি কার্টুন-এ-থনের আয়োজন করা হয়েছিল। অংশগ্রহণকারীদের রায় নিয়ে কার্টুন শিল্পী স্বল্প মেয়াদী, নির্বাচন-চক্র নীতি সমূহ এবং যোজনার সীমাবদ্ধতাগুলি থাকা স্বত্তেও দীর্ঘকালীন চিরস্থায়ী পরিবর্তন সংক্রান্ত চিত্র নির্মান করেন। অনুষ্ঠানটির পর অর্থপূর্ণ রূপান্তরণের ন্যয্যতা বোঝানোর জন্যে কার্টুনগুলি আরো ব্যাপক হারে ছড়িয়ে দেওয়া হয়।**



# গ্লোবাল লিঙ্ক

কার্যকরী উপায়ে নথিবদ্ধ করতে পারলে, সৃজনশীল যোগাযোগ ব্যবস্থা শহুরে সক্রিয়তা এবং সৃজনশীলতার একটি শক্তিশালী উদাহরণ হয়ে উঠতে পারে - বিশ্বব্যাপী দর্শকের সামনে ভাবনা এবং সমাধানগুলি প্রদর্শিত করতে পারে। মুখ্য বিষয়গুলির ওপর আলোকপাত করতে, সৃজনশীল যোগাযোগ ব্যবস্থাগুলি প্রদর্শিত করতে এবং বৈশ্বিক নীতির সঙ্গে সংযুক্ত করতে ফোটোগ্রাফ এবং ভিডিগুলি ভার্চুয়াল মাধ্যমে ভাগ করে নেওয়া যেতে পারে।

সৃজনশীল যোগাযোগ ব্যবস্থাগুলি, বিশেষ করে বৈশ্বিক নীতি স্তরে কার্যকরী হতে পারে যদি একসঙ্গে সারা বিশ্বে শহুরে অঞ্চলগুলিতে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করা যায়। যেমন - বিজ্ঞান, চিকিৎসা, খেলাধূলা, প্রযুক্তি বা রাজনীতি সম্পর্কিত সৃজনশীল যোগাযোগ ব্যবস্থাকে বৈশ্বিক ঘটনার - সঙ্গে সংযুক্তিকরণ হল বার্তাগুলির বিশ্বব্যাপী প্রসারণ এবং প্রভাব সুনিশ্চিত করার আরেকটি উপায়।

